

## ৩২ হাজার চাকরি বাতিল মামলা গ্রহণ সুপ্রিম কোর্টের

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১৮ মেঃ এ রাজ্যের প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বহুল চর্চিত ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিল সংক্রান্ত মামলাটি এবার আইনি লড়াইয়ের সর্বোচ্চ মঞ্চে পৌঁছান। সোমবার সুপ্রিম কোর্ট এই হাইপ্রোফাইল মামলাটি শুনানির জন্য গ্রহণ করেছে। সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি সতীশ চন্দ্র শর্মার ডিভিশন বেঞ্চে এই মামলায় জড়িত সমস্ত পক্ষকে নোটিস ইস্যু বা আইনি সমন জারি করেছে। আগামী আগস্ট মাসের তৃতীয় সপ্তাহে এই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে। তবে চাকরিপ্রাপকদের জন্য স্বস্তির বিষয় হল, সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চে এই মুহূর্তে মালার ওপর কোনও ধরনের অন্তর্বর্তী নির্দেশ বা স্থগিতাদেশ জারি করেনি। সোমবার সুপ্রিম কোর্টে মামলার শুনানির সময় বিচারপতি দীপঙ্কর দত্ত এক অত্যন্ত তাৎপর্যপূর্ণ পর্যবেক্ষণ করেন। বেঞ্চের তরফে বলা হয়, ‘যাঁরা আমাদের ছোট ছোট শিশুরদের ভবিষ্যৎ গড়ে তুলছেন, তাদের সেই উপযুক্ত যোগ্যতা এবং সঠিক প্রশিক্ষণ আছে কিনা, তা সবার আগে নিশ্চিত করতে হবে’। বিচারপতি দত্ত আরও যোগ করেন, আদালতের মূল লক্ষ্য এটাই দেখা যে, আগামী প্রজন্মের ভবিষ্যৎ যাঁদের হাতে ন্যস্ত করা হয়েছে, তাঁরা প্রকৃত অর্থেই সেই পদের যোগ্য কি না। শিক্ষকতার মতো পবিত্র পেশায় নিযুক্ত ব্যক্তিদের শিক্ষণগত যোগ্যতা ও পেশাদারী প্রশিক্ষণ নিয়ে কোনও রকম আপস করা চলে না বলেই



মনে করে শীর্ষ আদালত। যেহেতু সুপ্রিম কোর্টের তরফ থেকে এই পর্যায়ে কলকাতা হাইকোর্টের রায়ের ওপর কোনও অন্তর্বর্তী স্থগিতাদেশ দেওয়া হয়নি, তাই বর্তমান পরিস্থিতিতে কর্তৃত শিক্ষকরা আইনি সুরক্ষায় থাকছেন। অর্থাৎ, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশের পর এই ৩২ হাজার শিক্ষক বর্তমানে যে অবস্থায় বাকলি ছিলেন, ঠিক সেই অবস্থাতেই স্বস্থিতে নিজেদের কাজ চালিয়ে যেতে পারবেন। আগস্ট মাসের তৃতীয় সপ্তাহে যখন সুপ্রিম কোর্টে এই মামলার বিচারপ্রক্রিয়া পুনরায় শুরু হবে, তখন সমস্ত পক্ষের সওয়াল-জবাব শোনার পর এই শিক্ষকের এই যোগ্যতার বিষয়টি খতিয়ে দেখবে দেশের সর্বোচ্চ আদালত। এই দীর্ঘ আইনি লড়াইয়ের ইতিহাস বেশ নাটকীয়া। বিগত ২০১৬ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় ব্যাপক অনিয়ম ও অবৈধিনি দূনীতির অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করা হয়েছিল। সেই মামলার শুনানির পর কলকাতা হাইকোর্টের তৎকালীন সিঙ্গল বেঞ্চের বিচারপতি এবং বর্তমান বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় এক ঐতিহাসিক রায়ে একলপে ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরি বাতিল করার কড়া নির্দেশ দিয়েছিলেন। একক বেঞ্চের এই নজিরবিহীন রায়কে চ্যালেঞ্জ করে পরবর্তীতে কলকাতা হাইকোর্টেরই ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন চাকরিহারা শিক্ষকরা। সেখানে মামলার পুঙ্খানুপুঙ্খ শুনানির পর বিচারপতি তপোব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চে সিঙ্গল বেঞ্চের সেই চাকরি বাতিলের নির্দেশটি সম্পূর্ণ খারিজ করে দেয় এবং শিক্ষকদের পুনরায় চাকরিতে পুনর্বহাল করে। কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়েই পরবর্তীতে সুপ্রিম কোর্টের দরজায় কড়া নাড়া হয়। সোমবার সুপ্রিম কোর্ট মামলাটি গ্রহণ করায় প্রাথমিক শিক্ষা ও নিয়োগ দুর্নীতির এই জটিল আইনি লড়াইয়ে এক নতুন অধ্যায় শুরু হল। এখন আগামী আগস্ট মাসের তৃতীয় সপ্তাহে শীর্ষ আদালতের চূড়ান্ত শুনানির দিকেই তাকিয়ে রয়েছেন রাজ্যের রাজনৈতিক ও আইনি মহলা।

# রাজ্যে সপ্তম পে কমিশন বন্ধ ধর্মীয় শ্রেণিবিন্যাসের ভিত্তিতে সহায়তামূলক প্রকল্প

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ মেঃ মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়ার পরই কথা রাখলেন শুভেন্দু অধিকারী। রাজ্যে সপ্তম পে কমিশনে সিলমোহর দিল রাজ্য সরকার। সোমবার রাজ্য মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকের পর এই সিদ্ধান্তের কথা জানান মন্ত্রী অগ্নিমিত্রা পল। যদিও ডিএ নিয়ে এদিনের বৈঠকে কোনও আলোচনা হয়নি। তবে তা অ্যাঞ্জেডায় রয়েছে বলেই জানান মন্ত্রী। রাজ্য সরকারের এই ঘোষণায় স্বাভাবিকভাবেই খুশি সরকারি কর্মীরা। শপথ নেওয়ার পর থেকেই প্রতিশ্রুতি বাস্তবায়নে তৎপর মুখ্যমন্ত্রী। তারই অংশ হিসাবে দায়িত্ব গ্রহণের ৯ দিনের মাথায় দ্বিতীয় বৈঠকে সপ্তম পে কমিশনে সায় দিল রাজ্য মন্ত্রিসভা। ছাব্বিশের নির্বাচনের আগে থেকে ডিএ ক্ষুণ্ণে জর্জরিত ছিলেন রাজ্য সরকারি কর্মীরা। বিজ্ঞপ্তি জারি হলেও প্রত্যেক রাজ্য সরকারি কর্মীর কাছে এখনও পৌঁছয়নি ডিএ-র টাকা। তারই মাঝে ভোটপ্রচারের মঞ্চ থেকে অমিত শাহ-সহ পদ্মশিবিরের একাধিক নেতা-মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন মন্ত্রিসভায় আসার ৪৫ দিনের মধ্যে কার্যকর হবে সপ্তম পে কমিশন। তার ফলে বেতন পরিকাঠামোয় বাকল আসবে। গত ৪ মে প্রকাশিত ভোটের ফলাফল অনুযায়ী রাজ্য সরকারের পালাবদল হয়েছে। প্রথমবার বাংলার ক্ষমতায় আসে বিজেপি সরকার। গত ৯ মে, ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও অমিত শাহের উপস্থিতিতে বাংলার মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন শুভেন্দু অধিকারী। শপথ নেওয়ার পর থেকেই প্রতিশ্রুতি বাস্তবায়নে তৎপর মুখ্যমন্ত্রী। তারই অংশ হিসাবে দায়িত্ব গ্রহণের ৯ দিনের মাথায় দ্বিতীয় বৈঠকে সপ্তম পে কমিশনে সায় দিল রাজ্য মন্ত্রিসভা। সেই সিদ্ধান্তের কথা সাংবাদিকদের মুখেমুখি হয়ে জানান মন্ত্রী অগ্নিমিত্রা পল। সাধারণত ১০ বছর অন্তর কেন্দ্র ও রাজ্য পে কমিশন গঠন করে। রাজ্যে ষষ্ঠ পে কমিশনের মেয়াদ শেষ হয়েছে ২০২৫ সালের ৬১ ডিসেম্বর। রাজ্য মন্ত্রিসভা সপ্তম পে কমিশনে সিলমোহর দেওয়ার পর বেতন বৃদ্ধির অঙ্ক নিয়েও চলছে জল্পনা। কারণ, পে কমিশনের সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হল



বৈঠক শেষেও একগুচ্ছ নতুন ঘোষণা করা হয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হল, ধর্মীয় শ্রেণিবিন্যাসের ভিত্তিতে যে প্রকল্পগুলি চালু ছিল, তা আগামী মাস থেকে বন্ধ করে দেওয়া হচ্ছে। মন্ত্রিসভার বৈঠক শেষে অগ্নিমিত্রা জানান, তথ্য-সংস্কৃতি দফতর, সংখ্যালঘু বিষয়ক দফতর এবং মাদ্রাসা শিক্ষা দফতরের অধীনে এই ধরনের যে প্রকল্পগুলি ছিল, সেগুলিকে আগামী মাস থেকে বন্ধ হয়ে যাবে। তবে পূর্বতন সরকারের আমলের কোন কোন প্রকল্প বন্ধ হচ্ছে, সে বিষয়ে কোনও মন্তব্য করেননি মন্ত্রী। অগ্নিমিত্রা জানান, পরবর্তী সময়ে বিজ্ঞপ্তি জারি করে তা জানিয়ে দেওয়া হবে। তবে বৃত্তিমূলক কোনও কর্মসূচি বন্ধ হচ্ছে না বলেও

## এফআইআর হতেই হাই কোর্টে অভিষেক! আগাম জামিন চেয়ে আবেদন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ মেঃ বিধানসভা ভোটের পরে ফের হাইকোর্টেজ আইনি লড়াইয়ের সাক্ষী হতে চলেছে কলকাতা হাই কোর্ট। এবার সরাসরি আদালতের দ্বারস্থ হলেন ভূগমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর বিরুদ্ধে সম্প্রতি বিধাননগরে সাইবার ক্রাইম থানায় একটি এফআইআর দায়ের হয়েছে। সেই এফআইআরের ভিত্তিতে আগাম জামিনের আবেদন জানিয়েই সোমবার হাই কোর্টের কড়া নাজুলেন ভয়মুক্ত হারবারের বন্দী সাংসদ। ভূগমূল শিবিরের স্পষ্ট অভিযোগ, নতুন সরকারের জমানায় রাজ্যজুড়ে

ত্রি় ‘রাজনৈতিক প্রতিহিংসা’ চালানো হচ্ছে। তারই অঙ্গ হিসেবে দলের শীর্ষ নেতৃত্বের বিরুদ্ধে সম্পূর্ণ ভিত্তিহীন ও মিথ্যা অভিযোগ দায়ের করা হচ্ছে বলে দাবি জোড়াফুল শিবিরের। এই পরিস্থিতিতে আদালতের জরুরি হস্তক্ষেপ চেয়েই মামলা দায়ের করেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আইনজীবীরা। ভূগমূল সূত্রের খবর, শুক্রবার বিধাননগরে সাইবার ক্রাইম পুলিশ স্টেশনে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ জমা পড়ে এবং তার ভিত্তিতে মামলা রুজু হয়। শুক্রবার বিধাননগর সাইবার ক্রাইম থানার পুলিশ

ভায়মন্ত হারবারের সাংসদের বিরুদ্ধে এই এফআইআর দায়ের করে রাজীব সরকার নামে এক ব্যক্তির অভিযোগের ভিত্তিতে। অভিষেকের বিরুদ্ধে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে হুমকি দেওয়ার অভিযোগ তুলেছেন তিনি। সেই সঙ্গে রয়েছে উদ্ভানি দেওয়ার অভিযোগও। মোট ছয়টি ধারায় এফআইআর দায়ের হয় বলে জানা গিয়েছে। অভিষেকের আইনি দলের দাবি, বিধানসভা নির্বাচনে হারের পরে ভূগমূলের নোনাপটিকে হেনস্থা করতেই এই এফআইআর করা হয়েছে। এই মামলার কোনও আইনি ভিত্তি নেই। তাই আইনি

রক্ষাকবচ চেয়ে তাঁরা কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছেন। রাজনৈতিক মহলের মতো, রাজ্যে ক্ষমতার সমীকরণ বদলানোর পর থেকেই তৃণমূল শিবিরের একাধিক নেতার বিরুদ্ধে পুরনো ও নতুন মামলার ফাইল খোলা হচ্ছে। তবে এবার সরাসরি অভিষেকের বিরুদ্ধে সাইবার থানায় এফআইআর এবং আগাম জামিনের আবেদনের এই ঘটনাকে কেন্দ্র করে এই মুহূর্তে বন্ধ রাজনীতি ও আইনি অলিঙ্গ ব্যাপক চঞ্চল্য তৈরি হয়েছে। এখন দেখার, হাই কোর্ট এই মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে কোনও স্বস্তি দেয় কি না।

# মেধা যেন রাজ্যেই থাকে, আমেরিকা-ইউরোপে নয়!

## মাধ্যমিক-উচ্চমাধ্যমিকে কৃতীদের সংবর্ধনা সভায় মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ মেঃ ‘‘পশ্চিমবঙ্গে মেধার অভাব নেই। আমেরিকা বা ইউরোপের নানা প্রথম সারির শিক্ষাপ্রতিষ্ঠানে এ রাজ্যের মেধাবীরা নেতৃত্ব দিয়েছেন। আমরা চাই সেই অনন্য মেধা এবার পশ্চিমবঙ্গেই থেকে যাক, রাজ্যের কাজেই লাগুক।’’ সোমবার আলিপুরের ধনধান্য অভিটোরিয়ামে আয়োজিত কৃতী ছাত্রছাত্রীদের এক বর্ণাঢ্য সংবর্ধনা সভায় উপস্থিত হয়ে এই আশাপ্রকাশ করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রাজ্য স্কুলশিক্ষা দফতরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে এ দিন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা বোর্ড এবং কেন্দ্রীয় বোর্ডের (সিবিএসই ও আইসিএসই) কৃতী পরীক্ষার্থীদের হাতে সম্মাননা তুলে দেওয়া হয়। প্রসঙ্গত, গত ৮ মে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ফলাফল প্রকাশিত হয়েছিল।



পালের সঙ্গে ভিডিও কলে কথা বলে সংবর্ধনা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। সোমবার সেই কৃতির মঞ্চে দাঁড়িয়েই স্বামী বিবেকানন্দের বাণী উদ্ধৃত করে প্রকৃত শিক্ষার ক্যাম্পে সর্বাইকে স্বাবলম্বী হয়ে ওঠার আহ্বান জানান তিনি। এ দিনের অনুষ্ঠানে মেধার মূল্যায়নে এক বড়সড় ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। ঘটনাচক্রে, সোমবারই রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পল ঘোষণা করেছিলেন যে, তথ্য ও সংস্কৃতি দফতর এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দফতরের অধীনে ধর্মীয় শ্রেণিবিন্যাসের ভিত্তিতে দেওয়া যাবতীয়

সহায়তামূলক আর্থিক প্রকল্প এবার বন্ধ হতে চলেছে। তার কয়েক ঘণ্টার ব্যবধানে কৃতীদের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন, ধর্মীয় ভেদাভেদ তুলে মেধার প্রকৃত সম্মান দিতে রাজ্য সরকার এবার চালু করতে চলেছে সম্পূর্ণ নতুন একটি রূপরেখা- ‘বিবেকানন্দ মেরিটস স্কলারশিপ যোজনা’। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আদর্শ মেনে ‘নারীশিক্ষায় বিশেষ

অগ্রাধিকার’ এবং দেশের প্রথম শিক্ষামন্ত্রী সর্বপল্লী রাধাকৃষ্ণণের ‘শিক্ষার মার্গদর্শন’-এর ভাবনাকে সামনে রেখেই নতুন জমানার শিক্ষা ব্যবস্থা পরিচালিত হবে বলে জানান তিনি। একই সঙ্গে কৃতী পড়ুয়াদের উদ্দেশ্যে তাঁর পরামর্শ, ‘‘তামরা মাঝে মাঝে স্মার্টফোনে প্রয়াত প্রাক্তন রীতুপতি এ পি জে আব্দুল কালামের অনুপ্রেরণামূলক বক্তৃতা এবং আলাপচারিতাগুলি শুনে। অনেক কিছু শিখতে পারবে।’’

স্কুলশিক্ষার মানোন্নয়নের পাশাপাশি রাজ্যের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলির কি-কাঠামো নিয়েও এ দিন কড়া বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি স্পষ্ট ভাষায় বলেন, ‘‘অর্থ প্রদানের ক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠানগুলি এমন আচরণ করবে না যাতে সাধারণ মধ্যবিত্ত পরিবারগুলির চরম অসুবিধা হয় এবং সরকারকে বিব্রত হতে হয়।’’ এর পাশাপাশি পড়ুয়াদের অভ্যন্তরীণ মূল্যায়নের ক্ষেত্রে বেসরকারি স্কুল ও কলেজগুলিকে আরও বেশি যত্নবান ও সংবেদনশীল হওয়ার পরামর্শ দিয়েছেন তিনি।

# আমার থেকে খারাপ পুলিশমন্ত্রী আর কেউ হবে না! মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ মেঃ আন্দোলন বা বিক্ষোভের নামে পুলিশের ওপর হামলা আর কোনও ভাবেই বরদাস্ত করা হবে না। সোমবার পার্ক সার্কাসে কলকাতা পুলিশের ডিসি অফিসে দাঁড়িয়ে এমনই কড়া ভাষায় ঘৃণাশিয়ার দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। স্পষ্ট জানিয়ে দিলেন, তাঁর সরকারের জমানায় পুলিশের ওপর এটাই প্রথম এবং শেষ আক্রমণ। এর পর কোনও পুলিশকর্মীর গায়ে আঘাত লাগলে, স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে আইন অনুযায়ী চরম পদক্ষেপ করবেন তিনি। ‘‘দাদি



সঙ্গে, রবিবার পার্ক সার্কাসের বিক্ষোভকে ‘পরিকল্পিত’ বলেও দাবি করেছেন মুখ্যমন্ত্রী। উল্লেখ্য রবিবার দুপুরে রাজ্য সরকারের বুলডোজার ‘নীতির প্রতিবাদে পার্ক সার্কাস চত্বরে জয়কশো মানুষ বিক্ষোভ দেখাতে শুরু করেন। পুলিশ তাদের রাজ্য থেকে সরানোর চেষ্টা করলেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। বিক্ষোভকারীদের অভিযোগ, পুলিশ প্রথমে লাঠিচার্জ করে। অন্য দিকে, পুলিশের দাবি-

মনে করে থাকেন আগের সরকার আছে, আগের নিয়ম আছে আর পুলিশকে হাত-পা বেঁধে রেখে দেওয়া হবে- তাহলে তুল করবেন। এই ধরনের অশান্তি ও গুস্তামিতে আমাদের ‘জিরো টলারেন্স’। কোনও অ্যাণ্টি-ন্যাশনাল বা অ্যাণ্টি-সোশ্যাল অ্যাক্টিভিটি চালাতে দেওয়া হবে না।’’ পুলিশকে আশুপ্ত করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘‘একটা পুলিশের গায়ে হাত পড়লে এই সরকার আইন প্রয়োগ করে যতদূর যেতে হয় যাবে। শুধু গ্রেফতার নয়, দোষীদের শাস্তি (কনডিকশন) নিশ্চিত করা পর্যন্ত আমরা ক্রোজ মনিটরিং করব।’’ পার্ক সার্কাস থেকে পুলিশকে কড়া নির্দেশ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘‘শাসক হোক বা বিরোধী- দলমত, ধর্ম বা সম্প্রদায় না দেখে আইন অনুযায়ী পদক্ষেপ করতে হবে। আকশন নিতে গেলে পুলিশকে যেন পাঁচ বার ভাবতে না হয়’’, বলেন শুভেন্দু। বক্তব্যের শেষে অভ্যুত্থানের উদ্দেশ্যে তাঁর চূড়ান্ত বার্তা, ‘‘আপনারাও কান মূলে শুনে নিন, এটাই শেষ ঘটনা। এর পর এমন ঘটনা ঘটলে, আমার থেকে খারাপ কোনও পুলিশমন্ত্রী হবে না।’’

# প্রাতিষ্ঠানিক কারচুপির তদন্তে কমিশন গঠন, মহিলা সুরক্ষার বড় দায়িত্ব দময়ন্তী সেনের হাতে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ মেঃ এবার ভূগমূল সরকারের আমলে কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন প্রকল্পে কারচুপির অভিযোগ খতিয়ে দেখতে কমিশন গঠন করল শুভেন্দু অধিকারী। সোমবার নতুন সরকারের দ্বিতীয় মন্ত্রিসভার বৈঠক হয়। সেখানেই এই কমিশন গড়ার সিদ্ধান্ত নেওয়া হয়। একইসঙ্গে রাজ্য সরকার আরও একটি কমিশন গঠন করল। মহিলা ও শিশুদের উপর গত কয়েক বছরে যে অত্যাচারের ঘটনা ঘটেছে, তা খতিয়ে দেখতে দ্বিতীয় কমিশনটি গঠন করা হয়েছে। এদিন নবাবে সাংবাদিক বৈঠকে এই দুই কমিশন গঠনের কথা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মহিলা ও শিশুদের উপর অত্যাচারের ঘটনা খতিয়ে দেখতে যে কমিশন গঠন করা হয়েছে, তার চেয়ারপার্সন করা হয়েছে অবসরপ্রাপ্ত বিচারপতি সমাপ্তি চট্টোপাধ্যায়কে। আর আইপিএস দময়ন্তী সেনকে এই কমিশনে রাখা হয়েছে। গত কয়েক বছরে মহিলাদের উপর অত্যাচারের যে ঘটনা ঘটেছে, তা খতিয়ে দেখবে এই কমিশন। তারপর পদক্ষেপ করা হবে। বিগত ভূগমূল সরকারের বিরুদ্ধে বিভিন্ন সময়ে দুর্নীতির অভিযোগ তুলেছিল বিজেপি-সহ বিরোধীরা। কেন্দ্র

ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পেও প্রাতিষ্ঠানিক দুর্নীতি হয়েছে বলে অভিযোগ। এবার এই অভিযোগ খতিয়ে দেখতেই কমিশন গঠন করল নতুন সরকার। এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু ঘোষণা করেন, কেন্দ্র এবং রাজ্যের সামাজিক প্রকল্পের প্রাতিষ্ঠানিক কারচুপির তদন্ত হবে। অবসরপ্রাপ্ত বিচারপতি বিশ্বজিৎ বসুর নেতৃত্বে আইপিএস কে জয়রামণ এর তদন্তভার নেবেন। কমিশনের সদস্যসচিব করা হয়েছে তাঁকে। কেন্দ্রের যেসব সুপারিশ রয়েছে, সেগুলিরও তদন্ত হবে। মন্ত্রিসভার অনুমতি নিয়ে আগামী ১ জুন থেকে দুটি কমিশন কাজ শুরু করবে বলে মুখ্যমন্ত্রী জানান। এদিন নবাবে সাংবাদিক বৈঠকে দুটি কমিশন গঠনের কথা জানিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু বলেন, ‘‘নির্বাচনের সময় আমাদের মাননীয় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহজি তৎকালীন রাজ্য সরকারের বিরুদ্ধে যখন চার্জশিট প্রকাশ করেছিলেন, দুটো কমিটিমেট ছিল। পশ্চিমবঙ্গের আপামর মানুষের স্বার্থে। সেই দুটোর সিদ্ধান্ত আজকে ক্যাবিনেটে আমরা নিয়েছি। এটার জন্য দায়ব প্রত্যাশাও করছেন। যদিও আমরা খুব অল্প দিনের মধ্যে ওয়ার্কআউট করেছি, কিন্তু এটা একটা লং প্রসেস আছে। এখনই যদি শুরু না করি,



আমরা দু-তিন মাসের মধ্যে কিছু রেজাল্ট দিতে পারব না বলে মনে করছি। তাই এই দশ দিনের মধ্যেই মন্ত্রিসভা সিদ্ধান্ত নিল।’’ এরপরই তিনি বলেন, ‘‘আমাদের দুটো প্রতিশ্রুতির মধ্যে একটা

হচ্ছে প্রাতিষ্ঠানিক দুর্নীতির বিরুদ্ধে হাইকোর্ট কিংবা সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতির নেতৃত্বে কমিটি গঠন। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের নানারকম পরিষেবা দেওয়ার ক্ষেত্রে যে সমস্ত দুর্নীতি হয়েছে, ক্যাটামনি নেওয়া হয়েছে, ঘুষ নেওয়া হয়েছে, তার সঙ্গে সরকারি আর্থিকায়িক, পঞ্চায়েত, কাউন্সিলর, দালাল যুক্ত ছিলেন। তারই তদন্তে অবসরপ্রাপ্ত বিচারপতি বিশ্বজিৎ বসুর নেতৃত্বে কমিশন গঠন করা হল। ১ জুন থেকে তাঁরা কাজ করবেন। রাজ্য সরকার তাঁদের সাহায্য করবে।’’ এই কমিশন ৬০ দিনের মধ্যে তাদের সুপারিশ দেওয়া শুরু করতে পারবে বলে আশা প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। বলেন, ‘‘কমিশনের সুপারিশের ভিত্তিতে পুলিশের পক্ষ থেকে এফআইআর দায়ের করব এবং বিএনএসএর অন্তর্গত যে সেকশন আছে, সেটা দিয়ে আমরা অ্যাকশনও নেব। এবং সরকারি ফান্ড থেকে যা দুর্নীতি হয়েছে, তা পুনরুদ্ধার করার চেষ্টা করব।’’

দ্বিতীয় কমিশন গঠন নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘‘গত কয়েক বছরে পশ্চিমবঙ্গের মহিলাদের উপরে, মা-বোন-দিদি এবং শিশুকন্যাদের উপরে যে ধরনের অত্যাচার হয়েছে, এ বিষয়ে আর একটি কমিশন

আমরা তৈরি করেছি। এর চেয়ারপার্সন করা হয়েছে কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি সমাপ্তি চট্টোপাধ্যায়কে। কমিশনের সদস্যসচিব করা হয়েছে আমাদের এডিজার ক্যাডের আইপিএস অফিসার দময়ন্তী সেনকে। কেবলমাত্র সুপ্রিম কোর্ট, হাইকোর্ট এবং কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা যে তদন্তগুলি চলেছে, সেই মামলাগুলির ক্ষেত্রে নির্দিষ্ট কয়েকটি মামলা ছাড়া বা সেই সংক্রান্ত ব্যক্তিদের ছাড়া অন্য মামলাগুলি প্রত্যেকটিই তাঁরা দেখবেন। প্রয়োজন হলে ফাইনাল রিপোর্ট দিয়ে দেওয়া এফআইআরগুলোকে, চার্জশিটগুলোকে নতুন করে খতিয়ে দেখবেন। এবং আমরা আশা করছি দেড় মাসের মধ্যে কিছু সুপারিশও চলে আসবে।’’ মানুষের বক্তব্য শুনতে এই কমিশন জেলা জেলায় পৌঁছে যাবে বলে মুখ্যমন্ত্রী জানান। বাংলার জনগণকে অনুরোধ করে শুভেন্দু বলেন, ‘‘আমি মিডিয়ার মাধ্যমে সমগ্র বাংলার জনগণকে বলব, পূর্ণ সহযোগিতা করুন। আপনারাের কাছে যে তথ্য আছে, যে ডকুমেন্টস বা প্রমাণ আছে, তা এই কমিশনকে পাঠান। আপনারােদে যে প্রত্যাশা রয়েছে, তা পূরণ করার কাজ এই সরকার করবে।’’

### কেরলমের মুখ্যমন্ত্রী সতীশনকে শুভেচ্ছা প্রধানমন্ত্রী মোদীর

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৮ মেঃ কেরলমের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর ডি ডি সতীশনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মুখ্যমন্ত্রী হিসেবে সতীশনের কার্যকালের জন্য শুভকামনা জানিয়েছেন প্রধানমন্ত্রী মোদী। সোমবার সকালে কেরলমের মুখ্যমন্ত্রী পদে শপথ নেন ডি ডি সতীশনা। তিরুঅনন্তপুরমের সেন্ট্রাল স্টেডিয়ামে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে সতীশনকে মুখ্যমন্ত্রী হিসেবে শপথবাক্য পাঠ করান কেরলমের রাজ্যপালা রাজেশ্বর বিশ্ণুরা আরলেকার।কেরলমের নতুন মুখ্যমন্ত্রীকে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্স মাধ্যমে জানান, সতীশনে কার্যকালের জন্য আমার শুভকামনা রইল। জনগণের আকাঙ্ক্ষা পূরণে নবগঠিত কেরলম সরকারকে কেন্দ্রীয় সরকার সর্বতোভাবে সহযোগিতার আশ্বাস দিচ্ছে।

### এএপি নেতা দীপকের বাসভবনে ইডি-র তল্লাশি, সরব অতিশী মারলেনা

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৮ মে : ব্যাঙ্ক জালিয়াতি মামলায় সোমবার আম আদমি পাটির নেতা দীপক সিংগলার বাসভবনে অভিযান চালিয়েছে এনফোর্স'মেন্ট ডিরেক্টরেট (ইডি)। সোমবার দীপকের বাড়িতে হানা দেয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। শেষ পাওয়া খবর অনুযায়ী, তল্লাশি অভিযান চলছেই।ডি-র এই অভিযানের বিরুদ্ধে সরব হয়েছেন এএপি নেত্রী অতিশী মারলেনা। তিনি বলেন, সারা দেশ দেখেছে বিজেপি কীভাবে তৃণমূলের বিরুদ্ধে ইডি-কে ব্যবহার করেছে। পশ্চিমবঙ্গের নির্বাচনের পর পঞ্জাবে পরবর্তী শুনানি শুরু হয়। সঞ্জীব অরোয়ার মতো যে নেতারা বিজেপিতে যোগ দিতে রাজি হননি, তাদের জেলে পাঠানো হয়েছে। পঞ্জাবের পর গোয়া, বিজেপি জানে ফেক্সয়ারির আসম নির্বাচনে জনগণ তাদের সরকার থেকে সরিয়ে দেবে। আজ সকাল থেকে গোয়ার সহ-ইনচার্জ দীপক সিংগলার বাসভনে ইডি-র অভিান চলেছে। অরা আম আদমি পার্টির সমস্ত স্বেচ্ছা স্ৰী করার চেষ্টা করছে।

### প্রধানমন্ত্রীর বিদেশ সফর নিয়ে তীব্র কটাক্ষ সঞ্জয় রাউতের



মুম্বই(সংবাদ সংস্থা), ১৮ মে : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিদেশ সফর নিয়ে তীব্র কটাক্ষ করলেন উদ্ভাব ঠাকরে শিবিরের শিবসেনা নেতা সঞ্জয় রাউত। পাশাপাশি নিট-ইউজি পরীক্ষার প্রশ্নাফাঁস নিয়েও সরব হয়েছেন তিনি। সোমবার মুম্বইয়ে সাবাদিক সম্মেলন করেন সঞ্জয় রাউত। সুইডেনের পক্ষ থেকে প্রধানমন্ত্রী মোদীকে ‘রয়্যাল অর্ডার অফ পোলার স্টার কমন্ডার গ্র্যান্ড ক্রস’ প্রদান করা প্রসঙ্গে সঞ্জয় রাউত বলেন, পুরস্কার পাওয়ার ক্ষেত্রে তিনি শব্দক পূর্ণ করবেন। তিনি যে দেশেই যান, সেখানেই সর্বোচ্চ প্রশংসার পান। এই পুরস্কার দিয়ে তিনি কী করেন? তিনি আমাদের বিদেশ ভ্রমণে যেতে বারণ করছেন, অথচ তিনি নিজেই বিভিন্ন দেশ ভ্রমণ করছেন। নিট-ই-উজি প্রশ্নপত্র ফাঁসের ঘটনা প্রসঙ্গে তিনি বলেন, নিট প্রশ্নপত্র ফাঁসের দায় দেশের শিক্ষামন্ত্রীর নেওয়া উচিত। এই সমস্ত লোক বিজেপির সঙ্গে যুক্ত।

### ২৬ মে নাগাদ কেরলে বর্ষা ঢোকার সম্ভাবনা

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৮ মে : আগামী ২৬ মে নাগাদ কেরলে বর্ষা ঢুকতে পারে। সোমবার মৌসম ভবন সূত্রে এ কথা জানা গেছে। তবে পূর্বাভাসে এও জানানো হয়েছে, ২৬ মে কেরলে বর্ষা ঢোকার কথা বলা হলেও বাস্তবে বর্ষা ঢোকার ক্ষেত্রে দিনচারেক বেরফের হতে পারে। পূর্বাভাসের ভাষায় একে ‘ মডেল এর’ বলা হয়। প্রসঙ্গত, সাধারণভাবে ১ জুন নাগাদ কেরলে বর্ষা ঢোকার কথা। কিন্তু অনেক সময়েই বর্ষা ঢুকতে দেরি হয় এবং কিছু সময় নির্দিষ্ট সময়ের আগে ঢুকে যায় বলে জানান আবহাওয়া।

### ঘোষণা

দূরন্ত প্রকাশন (প্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও ব্যঙ্গানের যথায্যত ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞাননগুলি শুধুমাত্র সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। এই যোগা ভ্রাতৃত্বসংগঠনের পেশাদার ক্রাইম ব্রাঞ্চেজ নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

# কেরলমে মহিলাদের বিনামূল্যে সরকারি বাসে যাতায়াতের সুযোগ, সিদ্ধান্ত সতীশনের মন্ত্রিসভায়

তিরুঅনন্তপুরম(সংবাদ সংস্থা), ১৮ মে : কেরলমে এ বার মহিলারা বিনামূল্যে সরকারি বাসে যাতায়াতের সুযোগ পাবেন। সোমবার কংগ্রেস নেতা ডিডি সতীশন মূখ্যমন্ত্রী পদে শপথ নেওয়ার পরে মন্ত্রিসভার প্রথম বৈঠকে ওই সিদ্ধান্ত নিয়েছেন। সেই সঙ্গে প্রবীণদের জন্য বিশেষ সহায়তা প্রকল্প এবং স্বাস্থ্য দফতরের আশা কর্মীদের ভাতা

## ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিলের

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৮ মে : পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বহুল চর্চিত ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিল সংক্রান্ত মামলাটি এবার আইনি লড়াইয়ের সর্বোচ্চ মঞ্চে পৌঁছল। সোমবার সুপ্রিম কোর্ট এই হাইপ্রোফাইল মামলাটি শুনানির জন্য গ্রহণ করেছে।সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি সতীশ চন্দ্র শর্মার

## বিশ্ব জাদুঘর দিবসে সাজ সাজ রব, আগ্রহীদের জন্য আকর্ষণীয় নানা দ্রষ্টব্য



নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১৮ মে : বিশ্ব জাদুঘর দিবস উপলক্ষে ভারত-সহ বিভিন্ন দেশের নানা জাদুঘর ১৮ মে বিনামূল্যে প্রবেশের সুযোগ দিচ্ছে। সেই সঙ্গে বিভিন্ন জাদুঘরে আয়োজিত হচ্ছে বিশেষ প্রদর্শনী, আলোচনাসভা, সাংস্কৃতিক ও শিক্ষামূলক আয়োজন।কলকাতায় বা মাসের আয়োজন হচ্ছে ভারতীয় জাদুঘর এবং ভিক্টোরিয়া মেমোরিয়াল হলো। বিশ্ব জাদুঘর দিবসে গত বছরের প্রতিপাদ্য ছিল, দ্রুত পরিবর্তনশীল সম্প্রদায়ে জাদুঘরের ভবিষ্যৎ। এবারের প্রতিপাদ্য- ‘বিভক্ত বিশ্বকে একত্র করছে জাদুঘর’। প্রতি বছরের মত এদিনও দিবসটিতে কিছু জাদুঘর বর্ণাঢ্য শোভাযাত্রা, বিষয়ভিত্তিক সেমিনার ও বিশেষ প্রদর্শনীর আয়োজন করবে।ভারতের বিভিন্ন জায়গায় জনপ্রিয় কিছু মিউজিয়াম রয়েছে। বেঙ্গলুরুর বিশ্বেশ্বরহিয়া ইন্ডাস্ট্রিয়াল ও টেকনোলজিক্যাল মিউজিয়াম খুবই প্রসিদ্ধ। নেহরু সাল্যেপ সেন্টার, কলকাতার সাল্যেপ সিটি এই সব মিউজিয়ামে আপনি বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কারের ইতিহাস সম্পর্ক জানতে পারবেন। আন্দামানের জনপ্রিয় সেলুলার জেলও এখন মিউজিয়ামে পরিণত হয়েছে। এখানে স্বাধীনতা সংগ্রামীদের সর্বমু প্রণিহিত ইতিহাস জানা যায়।এই দিন আর একটা বিষয়ের স্মরণ না করলেই

## নিট-ইউজি প্রশ্নপত্র ফাঁস মামলায় মহারাষ্ট্রের কোটিং ক্লাসের মালিক গ্রেফতার

মুম্বই(সংবাদ সংস্থা), ১৮ মে - সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (সিবিআই)-এর একটি দল সোমবার মহারাষ্ট্রের আরেক শহরে অবস্থিত রেনুকাই কেমিস্টি ক্লাসেস (আরসিসি)-এর মালিক শিবরাজ রঘুনান্না মোতোগাঁওকরকে নিট-ইউজি ২০২৬ প্রশ্নপত্র ফাঁস মামলায় গ্রেফতার করেছে। ঘটনাটি ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। সিবিআই এই মামলার তদন্ত চালাচ্ছে।সোমবার সিবিআই সূত্রে জানা গেছে, নিট প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় মোতোগাঁওকরের জড়িত থাকার অভিযোগের তথ্য পাওয়ার পরই তদন্ত শুরু হয়। সেই সূত্রে ধরে রবিবার সিবিআই আরসিসি কোটিং



৩০০০ টাকা বাড়ানোরও সিদ্ধান্ত হয়েছে ওই বৈঠকে।মন্ত্রিসভার

বৈঠকের পরে মুখ্যমন্ত্রী সতীশন আরও ঘোষণা করেন, অঙ্গনওয়াডী

## মামলার শুনানিতে সায় সুপ্রিম কোর্টে

সুপ্রিম কোর্টে মামলার শুনানির সময় বিচারপতি দীপঙ্কর দত্ত এক অত্যন্ত তাৎপর্যপূর্ণ পর্যবেক্ষণ করেন। বেষের তরফে বলা হয়, যারা আমাদের ছোট ছোট শিশুদের ভবিষ্যৎ গড় তুলছেন, তাঁদের সেই উপযুক্ত যোগ্যতা এবং সঠিক প্রশিক্ষণ আছে কিনা, তা সবার আগে নিশ্চিত করতে হবে।বিচারপতি দত্ত বলেন,

কর্মী ও সহায়ক, স্কুলের রান্নার কর্মী, প্রাক-প্রাথমিক শিক্ষক এবং আায়দের জন্য মাসিক ভাতা ১০০০ করে বাড়ানো হবে। তিনি বলেন, আমাদের লক্ষ্য কেরলমে একটি আদর্শ সভ্য সমাজ গড়ে তোলা। উল্লেখ্য, কেরলম সরকারের তরফে জানানো হয়েছে, আগামী ২১ মে বিধায়করা শপথ নেনেন। আর ২২ মে স্পিকার পদের নির্বাচন হবে

আদালতের মূল লক্ষ্য এটা।ই দেখা য়ে, আগামী প্রজন্মের ভবিষ্যৎ যাঁদের হাতে ন্যস্ত করা হয়েছে, তারা প্রকৃত অর্থেই সেই পদের যোগ্য কি না। শিক্ষকতার মতো পবিত্র পেশায় নিযুক্ত ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতা ও পেশাদারী প্রশিক্ষণ নিয়ে কোনও রকম আপস করা চলে না বলেই মনে করে শীর্ষ আদালত জানান।

## ফলতা বিধানসভা উপা-নির্বাচনের প্রস্তুতি তুঙ্গে, ভোটগ্রহণ বৃহস্পতিবার

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১৮ মে : দক্ষিণ ২৪ পরগণা জেলার ১৪৪-ফলতা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের প্রস্তুতি এখন চূড়ান্ত পর্যায়ে। আগামী বৃহস্পতিবার, ২১ মে এই কেন্দ্রে ভোটগ্রহণ করবে নির্বাচন কমিশনা। এই উপ-নির্বাচনে লড়াইয়ের ময়দানে রয়েছেন মোট ৬ জন প্রার্থী। উল্লেখ্য, এবারের নির্বাচনী লড়াইয়ে সব প্রার্থীই পুরুষ, কোনো মহিলা প্রার্থী নেই।কমিশন সবে সোমবার জানা গেছে, ফলতা বিধানসভা কেন্দ্রে এবার মোট ভোটদাতার সংখ্যা ২,৩৬,৪৪৪ জন।এর মধ্যে পুরুষ ভোটার ১,২১,৩০০ জন এবং মহিলা ভোটার ১,১৫,১৩৫ জন। এছাড়া তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৯ জন।নির্বাচন কমিশন এই কেন্দ্রের ভোটারদের কিছু বিশেষ পরিসংখ্যানও প্রকাশ করেছেঃনতুন

## কেরলে নতুন ইউডিএফ সরকারকে শুভেচ্ছা মমতা বন্দ্যোপাধ্যায়ের

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১৮ মে : কেরলে নবগঠিত ইউনাইটেড ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউডিএফ) সরকারকে সোমবার শুভেচ্ছা জানিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস প্রধান মমতা বন্দ্যোপাধ্যায়। সোম্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্স হ্যান্ডলে একটি বার্তা দিয়ে তিনি নবনিযুক্ত মুখ্যমন্ত্রী ভি.ডি. সতীশন এবং তাঁর সরকারকে অভিনন্দন জানান।মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর বার্তায় বলেন, কেন্দ্রো আজ শপথ নেওয়া মুখ্যমন্ত্রী ভি.ডি. সতীশনের নেতৃত্বাধীন ইউডিএফ সরকারকে অভিনন্দন করে।লোক মানুষের সেবায় নতুন সরকারের বিপুল সাফল্য কামনা করি।সোমবার তিরুঅনন্তপুরমে আয়োজিতএক জমকালে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পদে শপথ নেন কংগ্রেস নেতা ভি.ডি. সতীশনা। এর সঙ্গেই

## প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া, মেট্রোয় সফর করলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৮ মে : নলেদী শাস্রয়ের লক্ষ্যে প্রধানমন্ত্রী রেখা মেদীর আহ্বানে সাড়া দিয়ে দিল্লি মেট্রোয় যাত্রা করলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা। পশ্চিম এশিয়ায় অস্থিরতার মধ্যে জালানি শাস্রয়ের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা সোমবার দিল্লি মেট্রোতে অশ্রুতে যাতায়াত করার সিদ্ধান্ত নিয়েছেন। সকলকে আমার আন্তরিক ধন্যবাদ। আসুন আমরা সকলে মিলে দিল্লিকে আরও সুন্দর করে তুলি।

গণপরিবহন ব্যবহার করি। এতে শুধু দেশের জ্বালানিই সাশ্রয় হবে না, আমাদের দিল্লির জন্যও এটি অত্যন্ত জরুরি। মেট্রো সোমবার-এর আহ্বানে আমি, আমার সকল সহকর্মী মন্ত্রী, বিধায়ক এবং কর্তারা মেট্রো বা গণপরিবহনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য প্রচেষ্টা চলিয়েছি। এটা দেখে আনন্দ হচ্ছে যে দিল্লির অনেক মানুষও মেট্রোতে যাতায়াত করার সিদ্ধান্ত নিয়েছেন। সকলকে আমার আন্তরিক ধন্যবাদ। আসুন আমরা সকলে মিলে দিল্লিকে আরও সুন্দর করে তুলি।

ফলাফলের পর বারংবার হামলা হুমকির মতো অভিজ্ঞতার কথা তুলে ধরেন তাঁরা।সকলের সাহস যোগায় প্রতিনিধি দলে থাকা সদস্যরা।কমীরা করজোড়ে বলেন দিদি ( মমতা বন্দ্যোপাধ্যায়) বলেছেন আবার নতুন করে দল সংগঠিত করবেন।আপনারের কাছে অনুপ্রেরণা অন্য দল থেকে আর কটিকে নেবেন না অন্তরহয়ে তাল ডাক্সার ২২ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর সৌমিত্র মৌলিকারের বাড়িতে বসন তাঁরা। সৌমিত্র সহ পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন এই প্রতিনিধি দল।প্রতিমা বলেন ১ নম্বর ওয়ার্ডের জিটি রোডের ধারে দাড়িয়ে ছিলাম বহিক নিয়ে কিছু ছেলে বলতে বলতে যাচ্ছে ইসারার পিট্রেক্সে( এই বার মার খাবে) বলে চল গেলে আসলে রাজনৈতিক ইতিহাসে এক ভয়ঙ্কর অধ্যায় শুরু হয়েছে। কেঁতঘরে থাকতে পারছেন না ।

## রায়পুরে নতুন ’ডায়াল ১১২’ গাড়ির উদ্বোধন অমিত শাহ-র



রায়পুর(সংবাদ সংস্থা), ১৮ মে : কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সোমবার ’সিজি ডায়াল ১১২’ জরুরি পরিষেবা ব্যবস্থার জন্য ৪০০টি নতুন গাড়ির উদ্বোধন করেন, যা হাতিগড় জুড়ে সমন্বিত জরুরি সহায়তা প্রদানের জন্য মোতায়েন করা হবে। তিনি রাজ্যের প্রতিটি জেলার জন্য একটি করে মোট ৩৬টি মোবাইল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরিরও উদ্বোধন করেন। এই ৩৬টি জেলার প্রতিটিতে একটি করে সম্পূর্ণ সজ্জিত মোবাইল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি ডান মোতায়েন করা হবে, যেগুলিতে রক্তের নমুনা, ডিজেটাল প্রমাণ এবং সিসিটিভি সংগ্রহের কিটের পাশাপাশি ইলেকট্রনিক গ্যাজেটও থাকবে।রায়পুরের মানা ক্যাম্পের পুলিশ ট্রেনিং স্কুল (পিটিএস)-এর প্যারেড গ্রাউন্ডে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই, উপ-মুখ্যমন্ত্রী বিজয় শর্মা এবং রাজা বিধানসভার স্পিকার রমন সিং উপস্থিত ছিলেন। রাজ্যের ৩৬টি জেলার মধ্যে বর্তমানে ১৬টিতে চালু থাকা পুলিশের ’সিজি ডায়াল ১১২’ পরিষেবাটি সোমবার থেকে সব জেলায় সম্প্রসারিত করা হবে বলে কর্তারা জানিয়েছেন। এই অভ্যুদয়িক ব্যবস্থাটি একটি প্রযুক্তি-চালিত প্রশাসনিক উদ্যোগ, যা পুলিশি সহায়তা, দমকল পরিষেবা, চিকিৎসা সংক্রান্ত জরুরি প্রতিক্রিয়া, একটি নারী হেল্পলাইন, একটি শিশু হেল্পলাইন, দুর্যোগ ব্যবস্থাপনা সহায়তা এবং মহাসড়কের জরুরি পরিষেবাগুলিকে একটি একক প্ল্যাটফর্মে একীভূত করে।

# ‘জনতার দরবার’ শুরু করলেন শুভেন্দু অধিকারী

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১৮ মে : বিজেপি সরকারের দ্বিতীয় মন্ত্রিসভার বৈঠক সোমবার। নবাবে ওই বৈঠকের আগে ‘ জনতার দরবারে’ বসেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন সকাল ১০টার আগেই সন্টলেকের দলীয় কার্যালয়ে পৌঁছন।অভাব-অভিযোগের কথা জানাতে মানুষের ভিড় ছিল বিজেপির কার্যালয়ের বাইরে। কর্মসূচি শুরু হওয়ার কিছুক্ষণ পরই মুখ্যমন্ত্রী সাংবাদিকদের কক্ষ ছোে বেরিয়ে যাওয়ার অনুরোধ জানান। কারণ, তাঁর কথায়, সাধারণ মানুষ কামোরার সামনে তাদের অস্বস্তির কথা জানাতে দ্বিধা বোধ করতে পারেন। তাই সাধারণের অসুবিধা হবে, এমন পরিস্থিতি চাইছেন না শুভেন্দু অধিকারী।বৈঠকের আগে



মুখ্যমন্ত্রীকে দলীয় কর্মী-সমর্থকরা অভ্যর্থনা জানান। সূত্রের খবর, সাধারণ মানুষের অভাব-অভিযোগের কথা লিখে নেওয়া হয়েছে তাঁর তরফে। সঙ্গে ছিলেন লকেট চট্টোপাধ্যায়ও।

## সোনা পাণ্ডুর হাজিরা ইডি-র দফতরে, বললেন তিনি নির্দোষ

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১৮ মে : অবশেষে সোনা পাণ্ডুর দেখা মিলল, আর এদিনই তিনি হাজিরা দিলেন ইডি-র দফতরে। একইসঙ্গে দাবি করলেন, তিনি নির্দোষ। সোমবার এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-র দফতরে হাজিরা দেন বিপজি পোদ্ডার ওরফে সোনা পাণ্ডু।



হন পাণ্ডু। প্রবেশের সময়ে পাণ্ডুর দাবি, তিনি কোনও দোষ করেননি। উল্লেখ্য, রবীন্দ্র সরাবরের গন্তাগালের ঘটনায় নাম জড়ায় পাণ্ডুর। দক্ষিণ কলকাতার বালিগঞ্জের বাসিন্দা সোনা পাণ্ডুর বিরুদ্ধে জমি দখল, তোলাবাজি-সহ বিভিন্ন অভিযোগ রয়েছে।

## অন্নপূর্ণা যোজনা ও মহিলাদের বিনামূল্যে সরকারি বাসে চড়ার আশ্বাসে মন্ত্রিসভার অনুমোদন

কলকাতা, ১৮ মে : যারা লক্ষ্মীর ভান্ডার পেতেন, তাঁদেরই নাম অন্নপূর্ণ ভান্ডার প্রকল্পে ট্রান্সফার হয়ে যাবে। সরাসরি ব্যাঙ্ক আকাউন্টে ট্রান্সফার হবে। যারা এত দিন পাননি, তাঁরাও আবেদন করতে পারবেন। শীঘ্রই পোটাল খোলা হবে। সোমবার নবাবে মন্ত্রিসভার বৈঠকের পর সাংবাদিকদের এ কথা বলেন মন্ত্রী অগ্নিমিত্রা পালাতিনি জানান, যারা সিএনএর জন্য আবেদন করেছেন বা ট্রাইবুনালে আবেদন করেছেন, তাঁরাও অন্নপূর্ণ ভান্ডার পাবেন।মহিলাদের বিনামূল্যে সরকারি বাসে পরিবহনের ব্যাপারে ইতিমধ্যে দেওয়া আশ্বাসেও পড়েছে সরকারি সিলমোহর। অগ্নিমিত্রা বলেন, ১ জুন থেকে রাজ্যের সকল সরকারি বাসে মহিলাদের জন্য বিনামূল্যে পরিবহন প্রকল্পে নিতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সেই সঙ্গে তিনি জানিয়েছেন, বলেন, এই মুহূর্তে বাসের সংখ্যা বৃদ্ধির বিষয়ে কোনও সিদ্ধান্ত হয়নি। সরকারি বাসের যা পরিকাঠামো রয়েছে, সেটিই আমরা ব্যবহার করব। জুন মাসে আমরা বাক্সেট পেশ করব। মুখ্যমন্ত্রী বলেছেন, কিছু নতুন বৈদ্যুতিক বাস নৈব আমরা।

## ’বেআইনি’ বহতল ভাঙার কাজ শুরু হাওড়ায়

নিজস্ব প্রতিনিধি,হাওড়া, ১৮ মে : রাজ্য সরকারের নির্দেশ পাওয়ার পরেই ’বেআইনি’ বহতলের তালিকা তৈরি করেছিল হাওড়া পুরসভা। সোমবার দুপুরে তালিকার প্রথম ’বেআইনি’ বহতল ভাঙার জন্য বুলডোজার নামালো হাওড়ায়। এ দিন নবাম থেকে দেড় কিলোমিটার দূরে শর চ্যাটার্জি রোডের উপরে তৈরি করা একটি ৬ তলা ’বেআইনি’ বহতল ভাঙার কাজ শুরু করে পুরসভা। আনা হয় বুলডোজার। পুরসভা সূত্রে জানা গেছে, ওই বাড়ির মালিক দু’তলার অনুমোদন নিয়ে ৬ তলা বহতল তৈরি করেছে। রাস্তাতেও প্রয়োজনীয় ছড় দেওয়া হয়নি। ইতিমধ্যে ওই বাড়ির মালিকের বিরুদ্ধে একআইআর করা হয়েছে।এ দিন কেন্দ্রীয় বাহিনী ও পুলিশি পাহারায় এই ভাঙার কাজ শুরু হয়। ভাঙার কাজ শুরু হওয়ার পরে এলাকায় চাঞ্চল্য ছড়ালেও প্রাথমিক ভাবে কোনও প্রতিরোধ হয়নি। পুরসভা সূত্রে জানা গিয়েছে, গত সপ্তাহে পুর ও নগরোন্নয়ন দফতর থেকে হাওড়া পুরসভাকে সমস্ত বেআইনি বাড়ি চিহ্নিত করে ভেঙে ফেলার নির্দেশ দেওয়া হয়েছিল। এর পরেই ২০২২ থেকে ২০২৬ পর্যন্ত ৬০০টি বেআইনি বাড়ির তালিকা তৈরি করে পুরসভা। এর মধ্যে ৬টি ওয়ার্ডের ৬টি বাড়িকে অবিলম্বে ভেঙে ফেলার সিদ্ধান্ত নিয়েছে পুরসভা।

## রবীন্দ্র সেতুর স্তম্ভে ধাক্কা বাসের, আহত অন্তত ১২

হাওড়া, ১৮ মে : রবীন্দ্র সেতুর স্তম্ভে ধাক্কা মারল একটি যাত্রীবোঝা বাস। জখম হন অন্তত ১২ জন যাত্রী। সোমবার সকালে দুর্ঘটনাটি হয়। হাওড়া-কামালগাজি রুটের সরকারি বাসটি হাওড়া থেকে কলকাতা দিকে আসছিল। অভিযোগ, ওই সময়েই নিয়ন্ত্রণ হারিয়ে সেটি সেতুর একটি স্তম্ভে ধাক্কা মারে। আহত যাত্রীদের কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি

### দুরন্ত বার্তা,কলকাতা

## রাশিফল

মেসঃআজ মেসের জন্য দিনটা খুব শুভ হবে। আপনার শক্তি আর উদ্দীপনায় ভরা স্বভাব আপনাকে নতুন উচ্চতায় নিয়ে যাবে। আপনি আশাপাশের মানুষদের সঙ্গে আরও গভীর কথা বলার অনুপ্রেরণা পাবেন, এতে সম্পর্ক আরও মজবুত হবে। বিবাহের যোগ হতে পারে। বৃষঃ সামাজিক জীবনের থেকে স্বাস্থ্যকে অগ্রাধিকার দেওয়ার উচিত। আপনি আজকে ভাল অর্থ উপার্জন করবেন- কিন্তু এটিকে আপনার হাতের মধ্যে দিয়ে চলে যেতে দেরেন না। আপনার পরিবারের হিতসাধনে কঠোর পরিশ্রম করনা। শুভদিন হবে মিথুনঃআজ মিথুন রাশির জন্য দারুণ একটা দিন। আপনার এনার্জি আর কথা বলার দক্ষতা চিত্তা নয, বরং পজিটিভিটি ছড়াবে। আজ আপনি আশাপাশের লোকদের সঙ্গে আপনার ভাল আর অভিজ্ঞতা ভাগ করে নিতে উসাহিত বোধ করবেন। সন্তান হতে পারে আজ। সূর্যঃ রাশিঃ রিরাপন্ত ১ইনত। অস্থিতিশীলতার অনুভূতি বিহলতার সৃষ্টি করতে পারে। কেবল বিচক্ষণ বিনিয়োগই পরিশোধ আনবে- সুতরাং আপনি আপনার কষ্টার্জিত পয়সা কোথায় লাগাচ্ছেন সে সম্পর্কে নিশ্চিত হোন। অর্থ বায়। সিংহঃআজকের দিনটা আপনার জন্য চ্যালেঞ্জিং হতে দেবে। আজ আপনার এনার্জি আর আত্মবিশ্বাস একটু কমে যেতে পারে, যার জন্য আপনার চারপাশের মানুষের সঙ্গে সম্পর্কেও কিছু সমস্যা হতে পারে। কন্যাঃ কোন পুরোনো বন্ধুর সাথে পুনর্মিলন আপনার উদ্দীপনা বাড়িয়ে তুলবে। আজ আর্থিক ক্ষতি হবে বলে মনে হচ্ছে যদি আপনি অন্যদের কথা মেনে বিনিয়োগ করেন। আর্থিক উন্নতি হতে পারে। তুলাঃ আজকের দিনটা উসগি আর মিলনের প্রতীক। স্বাভাবিকভাবেই, ভাল সুযোগ আসবে, যা আপনার সম্পর্কগুলোকে আরও মজবুত করবে। সংসারে শান্তি হতে পারে। বৃশ্চিকঃ বন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে। সব দায়বদ্ধতা এবং আর্থিক লেনদেনগুলিকে সতর্কতার সাথে সামালতে হবে। বিবাহের যোগ হবে ধনুঃ আজকের দিনটা ধনু রাশির জন্য শ্রমি অধিজ্ঞতা নিয়ে আসি। আপনার জীবন সাধারণভাবে স্থিতিশীল থাকবে, কিন্তু মাঝে মাঝে দুশ্চিন্তা আর অস্থিরতা অনুভব হতে পারে।বিবাহের যোগ হতে পারে। মকরঃ আপনি আপনার দিন যোগ এবং ধ্যান দিয়ে শুরু করতে পারেন। এটি করা আপনার পক্ষে উপকারী হবে এবং আপনি সারা দিন ধরে আপনার শক্তির স্তর বজায় রাখবেন। কুর্ভঃ আজ কুন্ত রাশিদের জন্য খুবই শুভ দিন। এটা আপনার জীবনে নতুন শক্তি আর ইতিবাচকতা আনার সুযোগ। আজ আপনার সামাজিক জীবন আর সম্পর্কগুলো বিশেষ গুরুত্ব পাবে। শুভ দিন হবে মীনঃকোন সাধু ব্যক্তির আশীর্বাদ মনের শান্তি এনে দেবে। আপনি আপনার পরিবারের সদস্যদের সাথে একটি কঠিন সময়ের সম্মুখীন হতে পারেন। সংসারে শান্তি আসবে।

### আবহাওয়া

ভাপসা গরম থেকে এখনই নিস্তার নেই। দক্ষিণবায়ুে। ঝোড়ো হাওয়া সাময়িক স্বস্তি দিতে পারে দুই-এক দিন। তবে, অস্বস্তি কমনে না।

বিষ্ফিণ্ড ভাবে কয়েক জায়গায় হালকা বৃষ্টি হলেও তাতে গরম কমা়র কোনও সম্ভাবনা নেই।

তাপমাত্রাতেও বিশেষ কোনও হেরফের হবে না আগামী কয়েক দিন। পারদ উর্ধ্বমুখী মহানগরী কলকাতায়। সোমবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২.৩ ডিগ্রি বেশি।অন্য দিকে, উত্তরবঙ্গের জেলাগুলিতে প্রায় গোটা সপ্তাহই অব্যবস্থিত ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোনও কোনও দিন ভারী বৃষ্টির পূর্বভাস রয়েছে। আগামী কয়েক দিন গোটা উত্তরবঙ্গেই দমকা হাওয়া বইতে পারে। আগামী বৃহস্পতি, শুক্র এবং শনিবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে কোনও কোনও জেলায়। বৃহস্পতিবার ভারী বৃষ্টি হতে পারে দার্জিলিং, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি এবং কোচবিহারে ভারী বৃষ্টি হতে পারে। শনিবার ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে আলিপুরদুয়ার এবং জলপাইগুড়িতে। তাপোৎক্ষেপ আর্দ্রতা আজ হতে পারে ৮৯শত করা এবং সর্বনিম্ন ৬৩ শতকরা হতে পারে। বৃষ্টিপাত হতে পারে আবহাওয়া দপ্তর সূত্রে জানা যায়।

### জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৬টা ৪০মিনিট এবং রাত ১০ টা ৪০মিনিটে। ভাটা-বেলা ০২ টা ৪০মিনিট এবং রাত ১০টা ৫০ মিনিট। সূর্যঃগুরু সকাল ৫ টা ০৫মিনিটে হতে পারেএবং রাত ৩টা ০৭মিনিটে হতে পারে।

দূরস্বভাবা, কলকাতা

### দুর্নীতির অভিযোগে বাদুড়িয়া পৌরসভায় কংগ্রেসের বিক্ষোভ



দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, বাদুড়িয়া, ১৮ মেঃ বাদুড়িয়া পৌরসভায় পৌর নিয়োগে দুর্নীতি, চাকরি, অবৈধ কাজকর্ম, কাউন্সিলারদের স্বজন পোষণ, বৈন্যম সহ একাধিক দুর্নীতির অভিযোগে ভুলে বাদুড়িয়া বিধানসভা জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে পৌরসভার গेट আটকে বিক্ষোভ দেখান কংগ্রেস কর্মী সমর্থকরা, তাদের দাবি পৌরসভায় বৈন্যম দূর করে ছাড়া বোয়াল রেমৈ দুর্নীতমুক্ত পৌরসভা গড়ে তুলতে হবে। তারপর কংগ্রেসের তরফে বাদুড়িয়া পৌরসভা একটি লিখিত স্মারকলিপি জমা দেন তারা।

### পৈলানের ‘প্রাসাদ’ ছেড়ে বেপাড়া বিধায়ক দিলীপ মণ্ডল

দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা, ১৮ মে ঃ রাজনৈতিক পালাবদলের পর রাজ্যের বিভিন্ন প্রান্তে শাসকদলের প্রাক্তন নেতা ও জনপ্রতিনিধিদের বিরুদ্ধে একের পর এক অভিযানে নেমেছে পুলিশ। এবার দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুরের তৃণমূ ল বিধায়ক দিলীপ মণ্ডল-কে ঘিরে শুরু হয়েছে জোর চাঞ্চল্য। পৈলানে নিজের বিলাসবহুল রিসর্টসদৃশ বাড়ি ছেড়ে কার্যত বেপাড়া হয়ে গিয়েছেন তিনি।

তার খোঁজে একাধিক জায়গায় তল্লাশি চালাচ্ছে পুলিশ। এইই মধ্যে রবিবার তারে অস্ত্র-সহ গ্রেপ্তার করা হয়েছে। তার ছেলে-সহ মণ্ডলকে। সঙ্গে আরও চারজনকে আটক করেছে তদন্তকারীরা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, রবিবার গভীর রাতে রাজা পুলিশের টাঙ্ক ফোর্স এবং ডায়মন্ড হারবার জেলা পুলিশের আধিকারিকরা যৌথ অভিযান চালান। বকখালি ও ফ্রেজারগঞ্জ এলাকায় তল্লাশি চালিয়ে অর্থা-সহ মোট পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। ধৃতদের কাছ থেকে আয়োয়ান্ত্র উদ্ধার হয়েছে বলেও দাবি পুলিশের। তদন্তকারীদের অভিযোগ, এলাকায় ইচ্ছাকৃতভাবে অশান্তি ছড়ানোর পরিকল্পনা করা হচ্ছিল। গৃহদেব জিজ্ঞাসাবাদ করে আরও শুক্রপূর্ণ তথ্য পাওয়ার চেষ্টা চলছে। ভোতের ফল প্রকাশের পর থেকেই মিত্রদের কেন্দ্রে উঠে আসেন দিলীপ নাথ। সমাজস্বায়মে ডিঙিয়ে পড়া একটি ভিডিওতে তাঁকে প্রকাশ্যে ঈশণায়ার সুরে কথা বলতে দেখা যায়। ওই ভিডিওতে তিনি দাবি করেন, দীর্ঘদিন সংঘম দেখিয়েছেন, কিন্তু ভবিষ্যতে আর তা হবে না। বিজেপিকে লক্ষ্য করে একাধিক মন্তব্যও করতে শোনা যায় তাঁকে। ভিডিওটি প্রকাশ্যে আসার পর থেকেই তাঁর বিরুদ্ধে একাধিক অভিযোগ দায়ের হয়।

যদিও ভাইরাল হওয়া সেই ভিডিওর সত্যতা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। এরপর গত বৃহস্পতিবার সকালে দিলীপ মণ্ডলের পৈলানের বাড়িতে পৌঁছায় পুলিশ ও র‍্যাক। বিশাল নিরাপত্তা বাহিনী নিয়ে তল্লাশি অভিযান চালানো হয় গোটা বাড়িতে। তদন্তকারী বাড়ির ভিতরে ঢুকে যে চিত্র দেখেন, তাতে অনেকেই বিস্মিত হন। সূত্রের খবর, ওই বাড়িতে রয়েছে একাধিক বিলাসবহুল গাড়ি, ব্যক্তিগত সুইমিং পুল, দামি কাঠের আসবাবপত্র, দোলনা এবং বিশেষ সাজসজ্জা। এমনকি বাড়ির ভিতরে একটি কৃত্রিম গুহাও তৈরি করা হয়েছিল বলে জানা গিয়েছে। তল্লাশির পর থেকেই আর খোঁজ মিলছে না বিধায়কের। তার সম্ভাব্য অবস্থান জানাতে বিভিন্ন জায়গায় অভিযান চালাচ্ছে পুলিশ। প্রসঙ্গত, সম্প্রতি শিবপুরের তৃণমূল নেতা মহম্মদ শামিমের বাড়িতেও তল্লাশি চালিয়ে একাধিক গোপন সূত্রেদের সন্ধান পেয়েছিল পুলিশ। সেখানেও উদ্ধার হয়েছিল বিপুল পরিমাণ বিলাসবহুল সামগ্রী। রাজ্যের রাজনৈতিক পালাবদলের পর প্রাক্তন শাসকদের একাধিক নেতার সম্পত্তি ও জীবনযাপন নিয়ে নতুন করে প্রশ্ন উঠতে শুরু করেছে রাজনৈতিক মহলে।

### আগ্নেয়অস্ত্র সহ হরিপালে আটক এক ব্যক্তি

দূরস্বভাবা, বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, ঝগলি, ১৮ মে ঃ ঝগলী গ্রামীণ জেলা পুলিশের হরিপাল থানার কাজে একো বড়সড় সাফল্য। বেআইনিভাবে আগ্নেয়াস্ত্র নিয়ে ঘোরাফেরা করার অভিযোগে গ্রেপ্তার করা হলো বন্দিপুরের সুজিত সামন্ত নামে এক ব্যক্তিকে। জানা গিয়েছে, গতকাল সন্ধ্যায় গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালায় হরিপাল থানার পুলিশ। হরিপাল থানার বাগানবাটি এলাকা থেকে ঐ অভিযুক্তকে আটক করা হয়। পুলিশ সূত্রে দাবি, তল্লাশি চালিয়ে তার কাছ থেকে উদ্ধার হয়েছে একটি দেশি পিস্তল ও এক রাউন্ড কার্তুজ। ঘটনার পরই অভিযুক্তকে গ্রেপ্তার করে থানায় নিয়ে যাওয়া হয়। অভিযুক্তকে চন্দননগর আদালতে পেশ করে পুলিশ।

# নলহাটি পশুহাটে রমরমিয়ে চলছে ব্যবসা খুশি হিন্দু মুসলিম ক্রেতা বিক্রেতা সবাই

দূরস্বভাবা, দেবশ্রী মঞ্জুদামর, নলহাটি, ১৮ মেঃ নলহাটি চলতি বছরের ২৭ মে সারা দেশের সাথে পশ্চিমবঙ্গে পালিত হবে ঈদুল আযহা। কিন্তু রাজ্যে পালা বদলের পর শাসকদলের বিভিন্ন নেতার সমাজ মাধ্যমে একেকে বিবৃতিতে বিম্রান্তি ছড়িয়েছে জনমানসে। যদিও তার আঁচ পড়ে নি নলহাটির কটা গড়িয়া মোড়ের পশুহাটে। সেখানে হিন্দু মুসলিম সকল সম্প্রদায়ের মানুষ বাধা হীনভাবে পশু কেনাবেচা করছেন। রাস্তায় কোন বিপত্তির মুখে কেঁউ পড়ে নি। হাটে পশু বিক্রেতা এক হিন্দু বলেন, ঈদ উপলক্ষে আমরা গরু ছাগল বিক্রি করতে আসি। আমাদের উপার্জন হয়। এবার আতঙ্ক ছিলনা। কারণ বিভিন্ন জায়গায়, বিভিন্ন রকম কথা শুনছিলাম। তবে কোনো অসুবিধা হয় নি। শোনা গেছে লাইসেন্সের নথি ঠিক না থাকায়, সেখানে পশুহাট বন্ধ করে দেওয়া হয়েছে। যদিও ওই পশুহাটের জায়গা নিয়ে সংখ্যালঘু সম্প্রদায়ের এক ব্যক্তির তরফে জায়গার স্বত্তাধিকার নিয়ে আইনী নিষ্পত্তি সন্ধ্যাত আপত্তি জানানো আছে। তবে নলহাটির পশুহাটের মালিক রেজাউল করিম জানান, যাদের কাগজপত্র ঠিক নাই তাদের বন্ধ হয়েছে। যেমন রামপুরহাট পশুহাট বন্ধ হয়েছে। প্রশাসনের তরফে আমার কাগজপত্র দেখে জানিয়েছে, আপনার কাগজপত্র ঠিক আছে, আপনি ব্যবসা চালান। এখানে

# অফিস টাইমে মেট্রো বিজ্রাটে নাজেহাল যাত্রীরা, ব্লু লাইনের একাধিক ট্রেন বাতিল

দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৮ মে ঃ সপ্তাহের প্রথম কর্মদিবসের সকালেই চরম ভোগান্তির মুখে পড়লেন কলকাতা মেট্রোর যাত্রীরা। সোমবার অফিস টাইমে ব্লু লাইনে একাধিক মেট্রো বাতিল ও দেরিতে চলার জেরে কার্যত বিপর্যস্ত হয়ে পড়ে পরিবেশ। নোয়াপাড়া থেকে শহিদ মুদ্রিরামমুখী মেট্রো পরিবেষায় দীর্ঘক্ষণ বিলম্ব হওয়ায় বিভিন্ন স্টেশনে যাত্রীদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা যায়। সকাল থেকেই দক্ষিণেশ্বর, শ্যামবাজার, মদাম, রবীন্দ্র সদন-সহ একাধিক গুরুত্বপূর্ণ স্টেশনে তৈরি হয় বিশৃঙ্খল পরিস্থিতি।

যাত্রীদের অভিযোগ, পরপর কয়েকটি মেট্রো বাতিল হওয়ায় স্টেশনে দাঁড়িয়ে থাকতে হয়েছে দীর্ঘক্ষণ। দক্ষিণেশ্বর স্টেশন থেকে অফিসমুখী এক যাত্রী জানান, ‘দক্ষিণেশ্বর থেকে পরপর দুটি মেট্রো বাতিল হয়েছে। স্টেশনে থিথিকিয়ে ভিড় যাত্রীদের। কোনওক্রমে মেট্রোর উঠতে পারলেও পা রাখার জায়গা নেই।’ একই ছবি ধরা পড়ে অন্যান্য স্টেশনেও। বহু যাত্রী অভিযোগ করেন, প্রতিটি স্টেশনে মেট্রো



মেট্রো ঘুরে আপ লাইনে যেতে পারে, তার ব্যবস্থা করা হয়। যার জেরে রবিবার দিনভর মহানায়ক উত্তম কুমার থেকে শহিদ মুদ্রিরাম পর্যন্ত মেট্রো পরিবেশা সম্পূর্ণ বন্ধ ছিল। সোমবার পরিবেশা স্বাভাবিক হলেও তার প্রভাব পড়ে ব্লু লাইনের যাত্রী পরিবেষায়। সপ্তাহের শুরুতেই এই বিভ্রাটে স্বাভাবিকভাবেই ফ্রোড বাড়ছে যাত্রীদের মধ্যে।

# ভাঙা হলো তৎকালীন শাসক ঘনিষ্ঠ বড়মা মন্দিরের কমিটি, নয়া নির্দেশে বন্ধ ভিআইপি সংস্কৃতি

দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগণা, ১৮ মে ঃ রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর প্রশাসনিক ও বিভিন্ন সংগঠনের পাশাপাশি একের পর এক কমিটিতেও বদলের হাওয়া বহিতে শুরু করেছে। সেই আবহেই এবার বড় সিদ্ধান্ত নেওয়া হলো নেহাটির ঐতিহ্যবাহী বড়মা মন্দিরকে ঘিরে। দীর্ঘদিনের পুরোনো মন্দির কমিটি ভেঙে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিমধ্যেই সেই ঘোষণা করছেন মন্দির কর্তৃপক্ষ। নেহাটির নবনির্বাচিত বিধায়ক সুমিত্র চট্টোপাধ্যায় আগেই স্পষ্ট করে জানিয়েছিলেন, ভবিষ্যতে বড়মা মন্দির পরিচালনা কমিটিতে কোনও রাজনৈতিক ব্যক্তিত্ব রাখা হবে না। মন্দির পরিচালনার দায়িত্ব মূলত সেবায়োতদের হাতেই থাকবে। পাশাপাশি বহু বিতর্কিত ভিআইপি সংস্কৃতিও বন্ধ করার নির্দেশ মেন তিনি। বিধায়কের নির্দেশে মেনেই মন্দির ট্রাস্টি বোর্ডের বৈঠকে বর্তমান কমিটি ভেঙে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। আপাতত নতুন কমিটি গঠন না হওয়া পর্যন্ত পুরোনো কমিটির সম্পাদক তাপস ভট্টাচার্য প্রশাসনিক ও দৈনন্দিন কাজ পরিচালনা করবেন বলে জানানো হয়েছে। এতদিন বড়মা মন্দির কমিটির সভাপতি ছিলেন নেহাটি পুরসভার পুরপ্রধান অশোকচট্টোপাধ্যায়। এছাড়াও কমিটিতে প্রভাবশালী সদস্য হিসেবে ছিলেন বিদ্যায়ী বিধায়ক সনৎ দে এবং ৩১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলরের ছেলে অরিন্দ বন্দ্যোপাধ্যায়। দীর্ঘদিন ধরেই মন্দির পরিচালনায় রাজনৈতিক প্রভাব খাটানোর অভিযোগ উঠছিল। বিজেপির তরফেও বারবার

দাবি করা হয়েছিল, সাধারণ ভক্তদের স্বার্থের চেয়ে রাজনৈতিক প্রভাবই বেশি গুরুত্ব পাচ্ছে। যদিও বড়মা মন্দিরের নতুন রূপ নির্মাণে পুরপ্রধান অশোক চট্টোপাধ্যায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল বলে স্থানীয় সূত্রে জানা যায়। কিন্তু রাজনৈতিক পালাবদলের পর এবার সেই পরিচালন ব্যবস্থাতেও এল বড় পরিবর্তন। নেহাটির আনুতম জনপ্রিয় এই মন্দিরে প্রতিদিনই দূরদূরান্ত থেকে হাজার হাজার ভক্ত পুজো দিতে আনেন। অভিযোগ ছিল, ভিআইপি প্রবেশের কারণে সাধারণ মানুষকে দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে থাকতে হত। সেই কারণেই এবার কড়া অবস্থান নিয়েছেন বিধায়ক সুমিত্র চট্টোপাধ্যায়। তার বক্তব্য, প্রধানমন্ত্রী বা মুখ্যমন্ত্রীর মতো সাংবিধানিক পদাধিকারী ছাড়া আর কাউকে বিশেষ সুবিধা দেওয়া হবে না। সকলকেই লাইনে দাঁড়িয়ে পুজো দিতে হবে। নতুন কমিটি প্রসঙ্গে বিধায়ক জানিয়েছেন, খুব দ্রুত একটি অরাজনৈতিক কমিটি গঠন করা হবে। সেখানে নেহাটির বিশিষ্ট শিক্ষক, চিকিৎসক ও সমাজের সম্মানীয় ব্যক্তিদের রাখা হবে। পাশাপাশি নেহাটির সন্তান তথা জনপ্রিয় সঙ্গীতশিল্পী রাধব চট্টোপাধ্যায়কেও কমিটিতে যুক্ত হওয়ার আমন্ত্রণ জানানো হবে বলে জানিয়েছেন তিনি। তবে স্থানীয় বাসিন্দাদের সুবিধার্থে আধার কার্ড দেখিয়ে আগে পুজো দেওয়ার পুরোনো নিয়ম আপাতত বহাল থাকবে বলেও জানিয়েছেন বিদ্যায়ী সম্পাদক তাপস ভট্টাচার্য।

# গুরুত্বপূর্ণ বৈঠকের মাঝেই স্বাস্থ্যসচিবকে জরুরি তলব মুখ্যমন্ত্রী শুভেন্দুর, বাড়ছে জল্পনা

দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৮ মে ঃ রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর প্রশাসনিক স্তরে একের পর এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের মাঝেই এবার স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগমকে জরুরি তলব করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সোমবার স্বাস্থ্যভবনে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে ব্যস্ত ছিলেন স্বাস্থ্যসচিব। সেই সময়েই আচমকা নবাম থেকে তাঁর কাছে জরুরি বার্তা পৌঁছয় বলে প্রশাসনিক সূ ত্রে খবর। বৈঠক মাঝপথে ছেড়ে তড়িঘড়ি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে নবামে পৌঁছে যান তিনি। শিবের কী কারণে এই জরুরি তলব, তা নিয়ে প্রশাসনিক মহলে শুরু হয়েছে জোর চর্চা। স্বাস্থ্য পরিষেবার মাসোমায়নে ইতিমধ্যেই একাধিক কড়া নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। সরকারি হাসপাতালগুলির পরিকাঠামো, পরিষেবা এবং নিরাপত্তা ব্যবস্থার হাল্ধ ফেরাতে সক্রিয় হয়েছে স্বাস্থ্যদপ্তরও। কিন্তু তার মধ্যেই স্বাস্থ্যসচিবকে হঠাৎ ডেকে পাঠানোর নানা প্রশ্ন উঠতে শুরু করেছে। বিশেষ করে আর জি কর কাণ্ডের পর থেকেই স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগমকে ঘিরে বিতর্ক তৈরি হয়েছিল। আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের একাংশ তাঁর অপসারণের দাবিও তুলেছিলেন। সেই আবহেই



বলে পরিচিত স্বাস্থ্যসচিবকে নিয়ে রাজনৈতিক ও প্রশাসনিক স্তরে জল্পনা আরও তীব্র হয়েছে। যদিও স্বাস্থ্যসচিব ইতিমধ্যেই সক্রিয় ভূমিকা নিতে শুরু করেছেন। শনিবার গভীর রাতে শহরের পাটচি বড় সরকারি হাসপাতালে আচমকা পরিদর্শনে যান তিনি। এসএসকেএমে মুখ্যমন্ত্রীর বৈঠকের মাত্র ৭২ ঘণ্টার মধ্যেই হাসপাতালগুলির বাস্তব পরিস্থিতি খতিয়ে দেখেন নারায়ণস্বরূপ নিগম। তবে বিরোধীদের একাংশের দাবি, সরকার পরিবর্তনের পর প্রশাসনিক ভাবমূর্ত্তি রক্ষা করতেই এখন সক্রিয় হওয়ায় চেষ্টা করছেন স্বাস্থ্যসচিব।

# ৩ তলার অনুমতি নিয়ে ৬ তলা ! বেআইনি নির্মাণে বুলডোজার অ্যাকশন হাওড়ায়

দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, হাওড়া, ১৮ মে ঃ রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর বেআইনি নির্মাণের বিরুদ্ধে কড়া অবস্থান নিয়েছে নতুন সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী-র নির্দেশের পর রাজ্যের বিভিন্ন জেলায় শুরু হয়েছে বুলডোজার অভিযান। এবার সেই তালিকায় যুক্ত হল হাওড়াও। সোমবার দুপুরে হাওড়ার চ্যাটার্জি হাট এলাকার শরৎ চ্যাটার্জি রোডে একটি নির্মায়মাণ বহুতল ভাঙার কাজ শুরু করল হাওড়া পুরসভা। অতীতিকর পরিস্থিতি এড়াতে এলাকার মোতায়েন করা হয় কেন্দ্রীয় বাহিনীও। পুরসভা সূত্রে জানা গিয়েছে, সংশ্লিষ্ট জমিতে তিন তলা ভবন নির্মাণের অনুমতি দেওয়া হয়েছিল। কিন্তু অভিযোগ, সেই অনুমতির তেয়াক্কান না করেই সেখানে ছয় তলা বিল্ডিং তৈরি করা হচ্ছিল। বিষয়টি নজরে আসতেই তদন্তে নামে পুরসভা। এরপরই বেআইনি নির্মাণের অভিযোগে বিল্ডিং ভাঙার সিদ্ধান্ত নেওয়া হয়। সোমবার দুপুরে পুরসভার আধিকারিকরা একটি বুলডোজার এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়াকিদের নিয়ে ঘটনাস্থলে পৌঁচান। তারপর স্রমিকদের সাহায্যে বহুতল ভিতরে ঢুকে ভাঙার কাজ শুরু হয়। জানা গিয়েছে, ওই জমির



এমন ছয়টি নির্মাণ চহিতত করেছে, যেগুলি অবিলম্বে ভেঙে ফেলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবারের এই অভিযান ছিল সেই তালিকার প্রথম পদক্ষেপ। পুরসভা সূত্রে আরও জানা গিয়েছে, ২০২২ থেকে ২০২৬ সালের মধ্যে হাওড়া পুরসভা এলাকায় প্রায় ৬০০টি বেআইনি নির্মাণ চহিতত করা হয়েছে। আগামী দিনে সেগুলির বিরুদ্ধে ধাপে ধাপে ব্যবস্থা নেওয়া হতে পারে বলে ইঙ্গিত মিলেছে প্রশাসনিক মহল থেকে।

### জাহাঙ্গির খানকে স্বস্তি, ২৬ মে পর্যন্ত গ্রেপ্তারিতে স্থগিতাদেশ

দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৮ মেঃ ফলতা বিধানসভা কেন্দ্রের নির্বাচনের ঘিরে রাজনৈতিক উত্তাপের মাঝেই বড় স্বস্তি পেলেন তৃণমূল প্রার্থী জাহাঙ্গির খান। সোমবার কলকাতা হাই কোর্ট জানিয়ে দিল, আগামী ২৬ মে পর্যন্ত তাঁর বিরুদ্ধে পুলিশ কোনও কড়া পদক্ষেপ করতে পারবে না। বিচারপতি সুগত ভট্টাচার্যের বেসেধ এদিন মামলার শুনানি হয়। আদালত স্পষ্ট জানিয়েছে, এখনও পর্যন্ত জাহাঙ্গির খানের বিরুদ্ধে যে পাঁচটি এফআইআর দায়ের হয়েছে, সেই সমস্ত মামলার ক্ষেত্রেই এই রক্ষাকবচ কার্যকর থাকবে। তবে একইসঙ্গে তদন্তে সরকার সহযোগিতা করার নির্দেশও দেওয়া হয়েছে তৃণমূল প্রার্থীকে। ফলতা নির্বাচনের আগে এই নির্দেশ ঘিরে রাজনৈতিক মহলে ব্যাপক চর্চা শুরু হয়েছে। আগামী ২৬ মে ফের এই মামলার শুনানি হবে বলে জানিয়েছে আদালত। ফলে আগামী কয়েকদিন এই মামলার গতিপ্রকৃতির দিকে নজর থাকবে রাজনৈতিক ও প্রশাসনিক মহলের। এদিন শুনানির সময় জাহাঙ্গির খানের আইনজীবী আদালতে দাবি করেন, উদ্দেশ্য প্রসঙ্গিতভাবে একের পর এক মামলা দায়ের করা হচ্ছে তাঁর ক্ষেত্রের বিরুদ্ধে। আইনজীবী আরও বলেন, বহু পুরনো ঘটনাকেও এখন সামনে এনে মামলা করা হচ্ছে। এমনকি একদিনের মধ্যে তিনটি পৃথক মামলা দায়ের হয়েছে বলেও অভিযোগ তোলা হয়। আদালতের কাছ আবেদন জানিয়ে তিনি বলেন, বর্তমানে ঠিক কতগুলি মামলা রয়েছে, সেই তথ্য স্পষ্টভাবে জানানো হোক। শুনানির সময় তৎকালীন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর প্রসঙ্গও টেনে আনেন জাহাঙ্গিরের আইনজীবী। তাঁর বক্তব্য, অতীতে শুভেন্দু অধিকারীকেও হাই কোর্ট রক্ষাকবচ দিয়েছিল। ফলে একই ধরনের পরিস্থিতিতে জাহাঙ্গির খান কেন সেই সুবিধা পাবেন না, তা নিয়েও প্রশ্ন তোলা হয় আদালতে। অন্যদিকে রাজ্যের পক্ষের আইনজীবী দাবি করেন, নির্বাচনের দিন জাহাঙ্গির খান ও তাঁর অনুগামীদের বিরুদ্ধে একাধিক গুরুতর অভিযোগ উঠেছে। ভোটারদের ভয় দেখানো, বৃথ দখল এবং ব্যালট বিকৃত করার মতো অভিযোগের কথা আদালতে উল্লেখ করা হয়। রাজ্যের দাবি, পরিস্থিতি এতটাই উত্তপ্ত হয়েছিল যে নির্বাচন কমিশন ব্যাঘ হয়ে ভোট বাতিল করে পুনর্নির্বাচনের নির্দেশ দেয়। যদিও বিচারপতি পর্যবেক্ষণে জানান, নির্বাচন একটি গণতান্ত্রিক প্রক্রিয়া এবং সেই ব্যবস্থায় প্রত্যেক ভোটারদের নিজেই বক্তব্য পেশ করার অধিকার রয়েছে। সেই কারণেই ভোট প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত জাহাঙ্গির খানকে অন্তর্বর্তী রক্ষাকবচ দেওয়ার সিদ্ধান্ত লিল আদালত। প্রসঙ্গত, কেন্দ্রদিনি আগুেই ফলতার নির্বাচনী প্রার্থীয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সরাসরি জাহাঙ্গির খানকে কেন্দ্রীয়ার দিয়েছিলেন। ভোটার পর কড়া পদক্ষেপের ইঙ্গিতও দিয়েছিলেন তিনি। এরপরই গ্রেপ্তারির আশঙ্কায় হাই কোর্টের দ্বারস্থ হন তৃণমূল প্রার্থী।

### বিরোধী দলনেতা পদ ঘিরে জট

দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৮ মে ঃ বিধানসভার বিরোধী দলনেতা নির্বাচনের ঘিরে নতুন করে তৈরি হল রাজনৈতিক ও সাংবিধানিক জটিলতা। তৃণমূলের তরফে শোভনদেব চট্টোপাধ্যায়ের নাম বিরোধী দলনেতা হিসেবে প্রস্তাব করা হলেও সেই প্রক্রিয়ার বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছে বিশালসভা সচিবালয়। সূত্রের খবর, তৃণমূলের সবভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়-র সৌভাগ্যহেতু শোভনদেব চট্টোপাধ্যায়ের নাম লিখে বিধানসভায় পাঠানো হয়েছিল। কিন্তু সেই চিঠিকে নিয়মসিদ্ধ বলে মানতে নারাজ সচিবালয়। বিধানসভা সূত্রে জানা গিয়েছে, কোনও রাজনৈতিক দলের সাধারণ সম্পাদকের সৌভাগ্যহেতু বদলার করে বিরোধী দলনেতার নাম পাঠানো বিধানসভার নিয়মের সঙ্গে সামঞ্জস্যপূ্ নয়। নিয়ম অনুযায়ী, বিধানসভায় নির্বাচিত বিরোধী দলের বিধায়করাই নিজেদের মধ্যে আলোচনা করে বিরোধী দলনেতা নির্বাচন করবেন। কোনও রাজনৈতিক দল সরাসরি সেই সিদ্ধান্ত চাপিয়ে দিতে পারে না বলেই মত সচিবালয়ের একাংশের। ইতিমধ্যেই এই বিষয়ে তৃণমূল নেতৃত্বকে জানানো হয়েছে বলে খবর। সূত্রের দাবি, বিধানসভার সচিবালয় থেকে খুব শীঘ্রই একটি আনুষ্ঠানিক চিঠি পাঠানো হবে। সেখানে স্পষ্ট জানিয়ে দেওয়া হবে যে, বর্তমান পদ্ধতিতে নির্বাচিত হওয়ায় শোভনদেব চট্টোপাধ্যায়কে বিরোধী দলনেতার নির্দিষ্ট দায় তোলা হয়নি। ঘরে তাল্লা বুলতেই দেখা যায়। তবে বিরোধী দলের বিধায়কদের জন্য একটি আলাদা ঘর খোলা হবে। সেখানেই বসেন শোভনদেব চট্টোপাধ্যায়।

# পার্ক সার্কাসে অশান্তির পর কড়া নিরাপত্তা, ধৃত বেড়ে ৩৮, মোতায়েন র‍্যাক ও জল কামান



দূরস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৮মেঃ রবিবারের অশান্তির রেশ কাটতে না কাটতেই সোমবার সকাল থেকে কার্যত নিরাপত্তার চাদরে মুড়ি ফেলা হল পার্ক সার্কাস চত্বর। নতুন করে যাতে কোনও অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি না হয়, সেই কারণে এলাকায় মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশবাহিনী। নামানো হয়েছে র‍্যাক। রাখা হয়েছে জলকামানও। গুরুত্বপূর্ণ মোড় ও সংবেদনশীল এলাকাগুলিতে কড়া নজরদারি চালাচ্ছে পুলিশ। যদিও সকাল থেকে যানচলাচল স্বাভাবিক রয়েছে এবং ধীরে ধীরে খুলতে শুরু করেছে স্থানীয় দোকানপাটও। রবিবার দুপুরে বুলডোজার আকশন-সহ একাধিক হুসার প্রতিবাদে একদল বিক্ষোভকারী পার্ক সার্কাস এলাকায় জড়ো হন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। অভিযোগ, পরিস্থিতি সামাল দিতে গেলে বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের বচসা শুরু হয়। এরপরই উত্তেজনা চরমে ওঠে। বিক্ষোভকারীদের একাংশ পুলিশকে লক্ষ্য করে ইট ছুঁড়তে শুরু করে বলে অভিযোগ। শুধু তাই নয়, কেন্দ্রীয় বাহিনীর বাসেও হামলা চালানো হয়। একাধিক গাড়িতে ভাঙচুরের ঘটনাও ঘটে। মুহূর্তের মধ্যে কার্যত নগ্নক্ষেত্রের চেহারা নেয় পার্ক সার্কাস এলাকা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পালাটা লাঠিচার্জ করে পুলিশ। সেই সময় পুলিশ ও বিক্ষোভকারীদের মধ্যে ধন্দাধন্ডি ও সংঘর্ষের ঘটনা ঘটে। ঘটনায় কমপক্ষে তিনজন পুলিশকর্মী আহত হয়েছে বলে জানা গিয়েছে। এরপরই শুরু হয় ব্যাপক ধরপাকড় অভিযান। সোমবার সকাল পর্যন্ত মোট ৩৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তদন্তকারীদের অনুমান, এই ঘটনায় আরও অনেকে জড়িত থাকতে পারে। ইতিমধ্যেই অভিযন্ত্রনের শনাক্ত করার কাজ শুরু হয়েছে এবং আরও গ্রেপ্তারের সম্ভাবনার কথাও জানিয়েছেন আধিকারিকরা। এদিকে গোটা ঘটনায় কড়া প্রতিক্রিয়া দিয়েছেন মন্ত্রী দিলীপ ঘোষ। তিনি স্পষ্ট জানিয়েছেন, অশান্তিতে জড়িত কাউকেই রোয়াত করা হবে না। পরিকল্পিতভাবে পরিস্থিতি অশান্ত করার চেষ্টা হয়েছে বলেও অভিযোগ করছেন তিনি।

## জল জীবন মিশনের প্রকল্পে রাজ্যের জন্য ২৯ হাজার কোটির অনুমোদন

দূরস্বভাবা, সুমন দে, কলকাতা, ১৮মেঃ কেন্দ্রীয় সরকার জল জীবন মিশনের দ্বিতীয় পর্যায়ের প্রকল্পে রাজ্যের জন্য ৩৯ হাজার কোটি টাকার সহায়তার অনুমোদন দিয়েছে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিল এবং মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে ভার্চুয়াল মাধ্যমে আজ এই চুক্তি স্বাক্ষরিত হয়। ২০২৮ সালের ডিসেম্বরের মধ্যে প্রকল্পের কাজ সম্পূর্ণ করার লক্ষ্য নেওয়া হয়েছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, দ্বিতীয় পর্যায়ে ৩৯ হাজার কোটি টাকার নতুন চুক্তির মাধ্যমে প্রতিটি ঘরে নলবাহিত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ আরও গতি পাবে। তিনি দাবি করেন, গত পাঁচ বছরে কেন্দ্র পশ্চিমবঙ্গকে ২৯ হাজার কোটি টাকা দিলেও প্রকল্পের বাস্তব অগ্রগতিই যার্নি এবং বহু ক্ষেত্রে কাজ শুধুমাত্র কাগজ-কলমেই সীমাবদ্ধ ছিল। তাঁর অভিযোগ, মাঝখানে প্রকল্পের নাম বদলে ‘জল স্বপ্ন’ করা হয়েছিল। পাশাপাশি সেচ প্রকল্পের ক্ষেত্রেও কেন্দ্রীয় সহায়তা চেয়েছেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের বর্তমান আর্থিক পরিস্থিতিতে কেন্দ্রের সহযোগিতা ছাড়া বৃহৎ পরিকার্যে প্রকল্প বাস্তবায়ন কঠিন। অনুষ্ঠানে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিল জানান, ২০২৬ সালে ‘জল জীবন মিশন ২’ শুরু হয়েছে। ১ লক্ষ ৬৯ হাজার কোটি টাকার বাজেট নিয়ে, যা ২০২৮ সালের ডিসেম্বর পর্যন্ত চলবে। তাঁর দাবি, ২০১৯ সালে পশ্চিমবঙ্গে মাত্র ১ শতাংশ গ্রামীণ পরিবারে নল বাহিত জল পৌঁছত, বর্তমানে সেই হার বেড়ে ৫৬ শতাংশ হয়েছে। যদিও স্কুল ও অঙ্গনওয়াড়িতে পানীয় জল পরিষেবার হার এখনও জাতীয় গড়ের নিচে রয়েছে বলেও মন্তব্য করেন তিনি।পাতিল আরও জানান, মোট বরাদ্দের মধ্যে কতের অংশ ৩৩ হাজার ৩৬৩ কোটি টাকা হলেও এখনও পর্যন্ত প্রায় ১৩ হাজার কোটি টাকা খরচ হয়েছে এবং ১১ হাজার ৬৭০ কোটি টাকা অব্যবহৃত রয়েছে। গঙ্গার উপর এসটিপল তৈরির জন্য দ্রুত জমি দেওয়ার আবেদনও করেন তিনি।

## টাক-শাঞ্চে আবেগের মিলন, প্রাচীন রীতি মেনে বিসর্জনের আগে মুখোমুখি দুই কালীমূর্তি



দূরস্বভাবা, সৌরভ দাশ, হাসানাবাদ, ১৮মেঃ দুই গ্রাম, দুই কালীমূর্তি, এক আশ্রয় বন্ধন; ঐতিহ্যে ঘেরা হাসনাবাদের দুই বোনের পুজো। ভাগ হয়েছিল বসতি, ভাঙেনি সম্পর্ক ; হাসনাবাদে এমনই এক কালীপূজার গল্পনা রয়েছে, যেখানে দুই কালীমূর্তিকে তুই বোন বলেই মানা হয়। দেশভাগের ইতিহাস, মানুষের বিচ্ছেদ এবং ঐতিহ্যের চান দশ মিলিয়ে এই পুজো আজ মূল্যের আবেগের কেন্দ্রেবিস্তৃত। স্থানীয় বাসিন্দাদের কথায় , দেশভাগের আগে সকলেই একসঙ্গে একই গ্রামে এই কালীপূজো করতেন। কিন্তু বাংলাশেখ থেকে এদেশে চলে আসার পর বাসিন্দারা দুটি এলাকায় বিভক্ত হয়ে বসবাস শুরু করেন। কিছুজন বসবাস শুরু করেন হাসনাবাদের বিশোদকলোনী এলাকায় আর অন্যরা পূর-হাসনাবাদের আনোড়া এলাকায়। বাসস্থান ভিন্ন হলেও ঐতিহ্য মেনে, প্রাচীন ধর্মীয় আচার আচরন,রীতি নীতি মেনে চলা এই প্রাচীন কালীপূজায় ছেদ পরেনি। তখন থেকেই একই দিনে দুই জায়গায় আলাদা ভাবে কালীপূজোর আয়োজন শুরু হয়। সময়ের সঙ্গে অনেকে কিছু বদলায়নি মানুষের ভক্তি এবং সম্পর্কের টান। তাই আজও রীতি মেনে বৈশাখের শেষ মঙ্গলবার হাসনাবাদ বিনোদ কলোনী ও পার হাসনাবাদের আনোড়া গ্রাম এই দুই জায়গার কালী মা কে তুই বোনের পূজাদ বলেই মনে করেন স্থানীয় মানুষজন। পুজোর শুরুতে দুই জায়গা থেকে মালা ও পূজার অর্ঘ্য পৌঁছে যায় অপর স্থানের কালী মায়ের কাছে। সবচেয়ে আকর্ষণীয় ও আবেগঘন মুহূর্ত তৈরি হয় বিসর্জনের আগে। প্রথা অনুযায়ী, দুই কালীমূর্তিকে একত্রে এনে তদুপা করানো হয়। ঢাকের বাসি, শঙ্খশব্দি এবং ভক্তদের ডঙ্কা ছন্দসের মধ্যে মেনে দুই বোনের মিলনের আবেগ ফুটে ওঠে। এরপরই সম্পন্ন হয় বিসর্জন। এবছরও রীতি মেনে ভাবে পূজা অর্চনার পর রবিবার, আঙনোড়া গ্াম থেকে কালী মায়ের মূর্তি কে আনা হয় হাসনাবাদ বিশোদ কলোনী তে, বিনোদ কলোনীর মার্চ মূর্তির সম্মুখে দেবী মূর্তি রেখে বরণ করা হয় মার্চমূর্তিকে। সিঁদুর খোলায় মধ্যম এবং ঐতিহ্যের রীতি মেনে নিয়মজ্ঞান অপরদিকের রীতি মেনে সোমবার হাসনাবাদ বিনোদ কলোনী থেকে মার্চমূর্তি নিয়ে আনোড়া গ্রামে পৌঁছান পূজা উদ্যোগ্য সহ গ্ামবাসীরা সেখানেও রীতি মেনে মাকে বরণ করা হয় ও সিঁদুর খেলা হয় তারপর ই হয় দেবীমূর্তির বিসর্জন। এই অনন্য প্রথা শুধুমাত্র ধর্মীয় অনুষ্ঠান নয়, এটি বাংলার মানুষের আত্মিক সম্পর্ক ও শিকড়ের স্মৃতিকে একজোড় জীবন্ত করে রেখেছে। প্রতি বছর এই বিশেষ মুহূর্তের সাক্ষী থাকতে ডিউ জমা় বহু মানুষ। বিনোদ কলোনী গ্রাম কমিটি আয়োজিত এই বাৎসরিক কালীপূজার পুজো উদযোক্তাদের মধ্যে অন্যতম, পরিমল সরকার,সুকুমার মন্ডল রা জানান এবছর ৬৭ তম বর্ষে পদার্পন করণো এই পুজো। দুই জায়গাতেই প্রাচীন রীতি মেনে বৈশাখের শেষ মঙ্গলবার এই পুজো হয়।এখনও পর্যন্ত কোণও দিন এই রীতিতে ছেদ পরেনি। পূজোর দিন দুই স্থান থেকে মালা বিনিময় হয় এবং বিসর্জনের দিন দুই বোন কে একজয়গায় আনা হয়, আগামী দিনেও নবীন প্রজন্মের হাত ধরে এই প্রাচীন রীতি অটুট থাকবে বলেন তারা।





# অফবিট

# বারমুডা ট্র্যাঙ্গেলের রহস্যভেদ! সমুদ্রের অতলে কীসের অস্তিত্ব? অবশেষে জট কাটল চিরকালীন ধাঁধার

পি. ঘোষ

আটলান্টিক মহাসাগরের বুকে এক চিরকালীন ধাঁধার নাম বারমুডা। কয়েক দশক ধরে ভূতত্ত্ববিদদের মনে একটি প্রশ্ন রয়েছে – প্রায় ৩ কোটি বছর আগে আগ্নেয়গিরিগুলি শান্ত হয়ে যাওয়া সত্ত্বেও বারমুডা কেন সমুদ্রপৃষ্ঠের এত উপরে অবস্থান করছে? সাধারণত আগ্নেয় দ্বীপগুলি সময়ের সঙ্গে সঙ্গে সাগরের গভীরে তলিয়ে যায়, কিন্তু বারমুডার ক্ষেত্রে তা হয়নি কেন? অবশেষে মার্কিন বিজ্ঞানীরা দাবি করছেন, তারা এই রহস্যের সমাধান খুঁজে পেয়েছেন। আর সেই উত্তর লুকিয়ে রয়েছে দ্বীপটির কয়েক মাইল গভীরে।

হাওয়াইয়ের মতো নয়, বারমুডা একদম আলাদা কার্নেগি ইনস্টিটিউশন ফর সায়েন্স-এর দেওয়া তথ্য অনুযায়ী, ইয়েল বিশ্ববিদ্যালয়ের জেফরি পার্ক এবং কার্নেগি সায়েন্সের সিসমোলজিস্ট উইলিয়াম ফ্রেজারের নেতৃত্বে একদল গবেষক এই রহস্য উন্মোচন করেছেন। তারা জানাচ্ছেন, বারমুডার নিচে এমন এক ভৌগোলিক কাঠামো রয়েছে যা পৃথিবীর অন্য কোথাও দেখা যায় না। সাধারণত হাওয়াইয়ের মতো দ্বীপপুঞ্জগুলি তৈরি হয় ‘ম্যান্টল প্লিউম’-এর ওপর ভিত্তি করে। অর্থাৎ, পৃথিবীর গভীরে উত্তণ্ড পাথরের একটি স্তম্ভ ওপরের দিকে



ঠেলে ওঠে এবং সমুদ্রের তলদেশকে ফুলিয়ে ফাঁপিয়ে আগ্নেয়গিরি তৈরি করে। সময়ের সঙ্গে সঙ্গে টেকটোনিক প্লেট সরে গেলে সেই দ্বীপগুলি ফের বসে যায়। কিন্তু বারমুডা আজও সংলগ্ন সমুদ্রতলের চেয়ে প্রায় ১,৬০০ ফুট উঁচুতে

সর্গর্ভে দাঁড়িয়ে আছে। **কীভাবে চলল পরীক্ষা?** বিজ্ঞানীরা ভূমিকম্পের তরঙ্গকে কাজে লাগিয়ে এই পরীক্ষা চালিয়েছেন। ঠিক যেমন শব্দের তীক্ষ্ণতা মাধ্যমের ওপর নির্ভর করে বদলে যায়, তেমনিই ভূমিকম্পের

তরঙ্গ পৃথিবীর অভ্যন্তরের উপাদানের ঘনত্ব অনুযায়ী গতি পরিবর্তন করে। বারমুডার একটি সিসমিক স্টেশন থেকে পাওয়া তথ্য বিশ্লেষণ করে বিজ্ঞানীরা দ্বীপের নিচে প্রায় ২০ মাইল গভীর পর্যন্ত একটি নির্খুঁত চিত্র তৈরি করেছেন।

**রহস্যের চরিকাকিঃ পাথরের ‘ভেলা’** গবেষণায় যা উঠে এসেছে তা এক কথায় অভাবনীয়। বিজ্ঞানীরা দেখেছেন, সমুদ্রের ভূত্বকের ঠিক নিচে প্রায় ১২ মাইলেরও বেশি পুরু একটি পাথরের স্তর রয়েছে। এই পাথরগুলি চারপাশের ম্যান্টল বা

## ইবোলা ভাইরাসকে ‘গ্লোবাল হেলথ ইমার্জেন্সি’ ঘোষণা করল হু

সংবাদ সংস্থা, জেনেভা, ১৮ মেঃ বিশ্ব স্বাস্থ্যের জরুরি অবস্থা ঘোষণা। ইবোলা ভাইরাস সংক্রমণকে গ্লোবাল হেলথ ইমার্জেন্সি ঘোষণা করল বিশ্ব স্বাস্থ্য সংস্থা। কী এই ইবোলা সংক্রমণ? রোগীরেই বা কী হয় এই সংক্রমণে? বর্তমানে কঙ্গো ও উগান্ডায় ছড়িয়ে পড়েছে ইবোলা সংক্রমণ। প্রায় ৩০০-রও বেশি আক্রান্ত মৃত্যু হয়েছে ৮৮ জনের। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, বুন্ডিবুগিও ভাইরাস থেকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ডিরেক্টর-জেনারেল টেড্রোস আধানম গ্রেবিয়াসিস জানিয়েছেন, করোনার মতো প্যান্ডেমিক বা মহামারির পর্যায়ে পৌঁছানি এই সংক্রমণ। আন্তর্জাতিক সীমান্ত বন্ধ করার মতো পরিস্থিতি তৈরি হয়নি। ইবোলা হল অতি সংক্রামক একটি ভাইরাস। তিনটি ভাইরাস- ইবোলা ভাইরাস, সুদান ভাইরাস ও বুন্ডিবুগিও ভাইরাস থেকে সংক্রমণ ছড়ায়। শরীরের ফ্লুইড যেমন বমি,

## ডলারের তুলনায় খস ভারতীয় মুদ্রায় প্রথমবার টাকার দাম ৯৬.২০, সেঞ্চুরি এখন অপেক্ষা কেবল!

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১৮ মেঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেলপিছু ১১০ ডলার ছাড়ানো এবং পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির প্রভাব পড়ল ভারতীয় মুদ্রায়। সোমবার বাজার খুলতেই রেকর্ড পতন টাকার দামে। ডলারের তুলনায় টাকা ন্যমে দাঁড়াল ৯৬.২০-তো পরে তা আরও কমে গিয়ে ৯৬.২৫-এ পৌঁছল, যা ভারতীয় মুদ্রার সর্বকালের সর্বনিম্ন স্তর। এর আগের সেশনে ডলারের তুলনায় টাকার মান ছিল ৯৫.৯৬। শুক্রবারই প্রথমবার ৯৬-এর নিচে নেমেছিল মুদ্রাটি। ২৮ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া ইরান-মার্কিন-ইজরায়েল যুদ্ধ শুরুর পর থেকে এশিয়ার সবচেয়ে খারাপ প্রায়ফর্ম করা মুদ্রায় পরিণত হয়েছে ভারতীয় টাকা। এই সময়ে টাকার মান প্রায় ৫.৫ শতাংশ কমেছে। চলতি বছর শুরু থেকে মোট পতন ৭ শতাংশের বেশি।



বেশি। বাজার-সূত্রে খবর, টাকার পতন থামাতে গত শুক্রবার রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া বাজারে হস্তক্ষেপ করেছিল। সাময়িক সস্তি মিললেও অপরিশোধিত তেলের মূল্যবৃদ্ধির জেরে কেন্দ্রীয় ব্যাঙ্ককে ঘন ঘন বাজারে নামতে হচ্ছে বলে মনে করছে বিশেষজ্ঞমহল। এদিকে মার্কিন ১০ বছরের ট্রেজারি ইন্ড বেড়ে হয়েছে ৪.৬২৫ শতাংশ। তেলের দাম বৃদ্ধির ফলে মূল্যবৃদ্ধির আশঙ্কা বাড়ায় ট্রেজারি বন্ডে বিক্রির চাপও বেড়েছে। ইউরোপ, ব্রিটেন এবং জাপানের বন্ডইন্ডও উধ্বমুখী। বিশ্লেষকদের মতে, ইরান-আমেরিকা যুদ্ধ পরিস্থিতি, হরমুজ প্রণালীর অস্থিরতা এবং জ্বালানির বৈশ্বিক সরবরাহ- অনিশ্চয়তা সরাসরি চাপ ফেলছে ভারতীয় বৈদেশিক মুদ্রাবাজারে। টাকার রেকর্ড পতনের পাশাপাশি সোমবার দেশীয় শেয়ার বাজারেও বড় ধাক্কা লাগে। বাজার খোলার পরই প্রায় ৯৫০ পয়েন্ট পড়ে যায় সেনসেব্ল। পরে কিছুটা ঘুরে দাঁড়ালেও সকাল ১০.৫০ নাগাদ- সেনসেব্ল- ৭৪,৫৯২.৯৯ (পতন ৬৪৫ পয়েন্ট বা ০.৮৬ শতাংশ), নিকফি- ২৬,৪৩৭.২০ (পতন ২০৬.৩০ পয়েন্ট বা ০.৮৭ শতাংশ)। ব্যাঙ্ক নিফটিতেও উল্লেখযোগ্য পতন দেখা যায়। বিশেষজ্ঞদের মতে, ভূ-রাজনৈতিক অস্থিরতা স্বল্প সময়ের মধ্যেই কমার সম্ভাবনা কম হলেও ভারত সরকার এবং আরবিআই সক্রিয়ভাবে পরিস্থিতি সামাল দিতে উদ্যোগী হয়েছে।



রক্ত বা বীর্ষ থেকে এই ভাইরাস মানবদেহে ছড়াতে পারে। অতি বিরল হলেও, ইবোলা সংক্রমণ ভয়ানক এবং তা প্রাণঘাতী আকার ধারণ করতে পারে। ২৫ থেকে ৯০ শতাংশ পর্বে মৃত্যুহার পৌঁছতে পারে। সাধারণত ইবোলা সংক্রমণের ২ থেকে ২১ দিনের মধ্যে উপসর্গ দেখা দেয়। জ্বর, ক্লান্তি, পেশিতে যন্ত্রণা, মাথা ব্যথা, গলা ব্যথার মতো উপসর্গ দেখা দেয় প্রথমে। এরপরে বমি, ডায়েরিয়া, তলপেটে যন্ত্রণা, র্যাপ দেখা দেয়। কিডনি ও লিভারের সমস্যা ধরা পড়ে। অনেক ক্ষেত্রে বমি বা মলের সঙ্গে রক্তপাতও হতে পারে। নার্স সিস্টেমেও প্রভাব ফেলে ইবোলা। আঁচি, বিরক্তিবাত এবং হিংস্র হয়ে উঠতে পারেন আক্রান্ত লোকজন। বর্তমানে ইবোলার কোনও চিকিৎসা নেই। সংক্রমণ ধরা পড়লেই ইনটেনসিভ কেয়ারে থাকার পরামর্শ দেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা। পর্যাণ্ড পরিমাণে জল খাওয়া, পুষ্টি ও সংক্রমণের চিকিৎসা করা হয়।

**LOST & FOUND**  
On behalf of my client, Rishu Bhagat, son of Shri Shyamundar Bhagat, resident of Dak-bowlopwara, P.O. + P.S. Rampurhat, District Birbhum, I hereby inform you that a Power of Attorney belonging to him (No. 1-0304-03915/2024, dated 22.03.2024) was G.O. on 27.04.2026. As a result, he has filed a G.D. Entry regarding this matter at the Rampurhat Police Station (No. 1624/26, dated 27.04.2026). If anyone has any information regarding this or has any objection, it must be reported within 15 days.

# আমেরিকায় এয়ার শো চলাকালীন ২ যুদ্ধবিমানের সংঘর্ষ মাঝ আকাশে, আছড়ে পড়ল মার্কিন জেটগুলি

**সংবাদ সংস্থা, আইডাহো, ১৮ মেঃ** যুক্তরাষ্ট্রের আইডাহোতে ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে। মার্টিনেটন হোম এয়ার ফোর্স বেসে একটি বড় এয়ার শো চলাকালীন দুটি মার্কিন যুদ্ধবিমানের সংঘর্ষ হয়েছে। দুটি বিমানই এই সংঘর্ষের সাথে সাথেই ভেঙে পড়ে। তবে দুটি বিমানেরই পাইলটরা নিরাপদে আছেন বলে জানা গেছে। দুর্ঘটনার পর তাৎক্ষণিকভাবে পুরো বিমানঘাঁটি বন্ধ করে দেওয়া হয়েছে। সূত্রে জানা গেছে, রবিবার স্থানীয় সময় দুপুর সাড়ে ১২টার দিকে এই দুর্ঘটনাটি ঘটে। এই সময় বিমান ঘাঁটিতে চলছিল ‘গানফাইটার স্মাই এয়ার শো’। ভোক্তা পড়া দুটি বিমানই মার্কিন নৌবাহিনীর উন্নত মানের ইএ-১৮জি প্রোলার ফাইটার জেট ছিল। খবরে বলা হয়, বিমান দুটি এয়ারবেস থেকে প্রায় দুই মাইল দূরে ভেঙে পড়ে। সোশাল



মিডিয়ায় ভাইরাল হওয়া ভিডিয়োতে দেখা যায়, আকাশে সংঘর্ষের সঙ্গে সঙ্গে দুটি বিমানই আগুনো গোলায় পরিণত হয়। তবে সংঘর্ষের পরপরই দুটি বিমান

থেকে চারজন প্যারাসুটধারী পাইলটকে দেখা যায়। জানা যায়, দুটি বিমানের চার ক্রু সদস্যই সময়মতো নিরাপদে বেরিয়ে আসতে সক্ষম হন। মার্কিন

নৌবাহিনী নিশ্চিত করে যে চারজন ক্রু সদস্যই নিরাপদে রয়েছেন। প্রতিবেদন অনুসারে, দীর্ঘ ৮ বছর পরে এই প্রাচ্য এয়ার শোয়ের আয়োজন করা হয়েছিল।

গুরুমন্ডলের চেয়ে অনেক কম ঘন। ফলে এটি অনেকটা ‘ভেলা’র মতো কাজ করে বারমুডাকে সমুদ্রের ওপর ভাসিয়ে রেখেছে। একে বিজ্ঞানের ভাষায় বলা হয় ‘আন্ডারপ্রেটিং’। গবেষকদের ধারণা, কোটি কোটি বছর আগে যখন এই অঞ্চলে আগ্নেয়গিরির দাপট ছিল, তখন কার্বন সমৃদ্ধ গলিত পাথর ভূত্বকের নিচে এসে জমা হয়ে ঠান্ডা হয়ে যায়। এই উপাদান সম্ভবত কয়েকশ কোটি বছর আগে মহাদেশগুলি যখন ‘প্যাঞ্জিয়া’ নামক একক ভূখণ্ড ছিল, সেই সময়ের অবশিষ্টাংশ।

বিজ্ঞানীদের বক্তব্য প্রধান গবেষক উইলিয়াম ফ্রেজার জানিয়েছেন, বারমুডা অত্যন্ত উত্তেজনাপূর্ণ এক গবেষণার ক্ষেত্র। কারণ এর বৈশিষ্ট্যগুলি চিরাচরিত ম্যান্টল প্লিউম তত্ত্বের সঙ্গে মেলে না। এখানে আমরা যে পুরু স্তরের সন্ধান পেয়েছি, তা সচরাচর দেখা যায় না। এটি প্রমাণ করে যে পৃথিবীর অভ্যন্তরে এমন অনেক প্রক্রিয়া চলছে যা আজও মানুষের কাছে অজানা। এই গবেষণাপত্রটি সম্প্রতি বিখ্যাত জার্নাল ‘জিওফিজিক্যাল রিসার্চ লেটার্স’-এ প্রকাশিত হয়েছে। এখন বিজ্ঞানীরা দেরে চেষ্টা করছেন বিশ্বের অন্য কোনও দ্বীপের নিচেও এমন ‘গোপন ভেলা’ রয়েছে কি না, নাকি বারমুডাই পৃথিবীর একমাত্র ব্যতিক্রমী সৃষ্টি।

## সাতসকালে ট্রেনে অগ্নিকাণ্ড!

# রাজধানীর পর দিনই পুড়ল পটনাগামী ফাস্ট প্যাসেঞ্জারের কামরা

**সংবাদ সংস্থা, সাসারাম, ১৮ মেঃ** রবিবার রাজধানী এক্সপ্রেসের পর সোমবার সাসারাম-পটনা ফাস্ট প্যাসেঞ্জার। ২৪ ঘণ্টার ব্যবধানে পরপর দু’দিন ট্রেনে অগ্নিকাণ্ডের ঘটনায় ভারতীয় রেলের যাত্রী-সুরক্ষা নিয়ে বড়সড় প্রশ্ন উঠল।

ফাস্ট প্যাসেঞ্জার ট্রেনটির যাত্রার আগে সেটি স্টেশনের ছয় নম্বর প্ল্যাটফর্মেই দাঁড়িয়ে ছিল। আচমকিই একটি কামরা থেকে গলগল করে কালো ধোঁয়া বেরোতে শুরু করে। কিছু ক্ষণের মধ্যেই আগুন গোটা কামরায় ছড়িয়ে পড়ে। যাত্রীদের

করে দেওয়া হয়। নির্ধারিত সময়ের বেশ কিছুটা দেরিতে বাকি কামরাগুলি নিয়ে ট্রেনটি পটনার উদ্দেশ্যে রওনা দেয়। ক্ষতিগ্রস্ত কামরাটি প্ল্যাটফর্মের এক ধারে সরিয়ে আপাতত ব্যারিকেড করে রাখা হয়েছে। প্রসঙ্গত, রবিবার



সোমবার সকালে বিহারের সাসারাম স্টেশনে ছাড়ার ঠিক আগেই পটনাগামী একটি ট্রেনের কামরায় ভয়াবহ আগুন ধরে যায়। তবে রেলকর্মী ও দমকলের তৎপরতায় আগুন দ্রুত নিয়ন্ত্রণে আসায় বড়সড় বিপদের হাত থেকে রক্ষা পাওয়া গিয়েছে। এই ঘটনায় হতাহতের কোনও খবর নেই। রেল সূত্রে খবর, সোমবার সকাল পৌনে ৭টা নাগাদ সাসারাম থেকে পটনার উদ্দেশ্যে রওনা দেওয়ার কথা ছিল

মধ্যে চরম আতঙ্ক ও ছড়োছড়ি শুরু হয়। প্রাথমিক ভাবে রেল আধিকারিকদের অনুমান, শট সার্কিট থেকেই এই অগ্নিকাণ্ড ঘটে থাকতে পারে। খবর পেয়েই দ্রুত ঘটনাস্থলে পৌঁছন রেলের পদস্থ আধিকারিক ও দমকলকর্মীরা। স্টেশনে থাকা জলের পাইপ ব্যবহার করে বেশ কিছু ক্ষণের চেষ্টায় আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আনা হয়। এর পর পুড়ে যাওয়া ক্ষতিগ্রস্ত কামরাটিকে মূল ট্রেন থেকে বিচ্ছিন্ন

ভারে কেরলের তিরুঅনন্তপুরম থেকে নয়াদিল্লিগামী রাজধানী এক্সপ্রেসেও আগুন ধরে যায়। রাজস্থানের কোটা রেল ডিভিশনের অন্তর্গত ওই অগ্নিকাণ্ডে ভন্মীভূত হয়ে যায় রাজধানী এক্সপ্রেসের দু’টি কামরা। রবিবারের সেই আতঙ্ক কাটতে না কাটতেই সোমবার বিহারে ফের ট্রেনে আগুন লাগার ঘটনায় রেলের রক্ষণাবেক্ষণ ব্যবস্থা নিয়ে স্বভাবতই ক্ষোভ ছড়িয়েছে যাত্রীদের মধ্যে।

**CHANGE OF NAME**  
I, Ripon Sk (Old Name) S/O–Reful Sk resident of Vill & Po & Ps-Bharatpur, Dist-Murshidabad , West Bengal, Pin-742301 do hereby declared that I have changed my name from Ripon Sk to Ripan Sk and henceforth I shall be known as Ripan Sk (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 18/05/ 2026. My name Ripan Sk & Ripon Sk both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Sudu Halder (Old Name) S/O–Ramfal Halder resident of Vill & Po- Chowrigacha , Ps- Berhampore, Dist-Murshidabad , West Bengal, Pin-742405 do hereby de- clared that I have changed my name from Sudu Halder to Sudeb Halder and hence- forth I shall be known as Sudeb Halder (new name) in all purpose, vide an affidavit sworn before the S.D.E.M 1st class at Berhampore court on 07/05/ 2026. My name Sudeb Halder & Sudu Halder both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Lalon Mollah (Old Name) S/O–Saban Mollah resident of Vill- Dhanirampur , Po-Shibnagar , Ps-Jalangi , Dist-Murshidabad , West Bengal, Pin-742306 do hereby declared that I have changed my name from Lalon Mollah to Lalon Mol- lah and henceforth I shall be known as Lalon Mollah (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Domkal court on 18/05/2026. My name Lalon Mollah & Lalon Mollah both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Sadikul Islam (Old Name) S/O– Peskar Ali resident of Vill- & Po-Katla- mari , Ps-Pukuria , Dist-Malda , West Bengal, Pin-732102 do hereby de- clared that I have changed my name from Sadikul Islam to Sadekul and henceforth I shall be known as Sadekul (new name) in all purpose, vide an af- fidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My name Sadekul & Sadikul Islam both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Md Tashikul Islam (Old Name) S/O–Safur Rahaman resident of Vill- Chak Sahajadpur, Po-Sannatinagar , Ps-Raghnunathganj , Dist-Murshidabad , West Bengal, Pin-742213 do hereby declared that I have changed my name from Md Tashikul Islam to Tasikul Islam and henceforth I shall be known Tasikul Islam (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My name Tasikul Islam & Md Tashikul Islam both are same and one identi- cal person.

**CHANGE OF NAME**  
I, Abu Taleb (Old Name) S/O–Alauddin Seikh resident of Vill-Madhuniya , Po-Am- ritaikundu , Ps-Nabagram , Dist-Murshid- abad , West Bengal, Pin-742136 do hereby declared that I have changed my name from Abu Taleb to Abutaleb Sk and henceforth I shall be known as Abutaleb Sk (new name) in all purpose, vide an af- fidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My name Abutaleb Sk & Abu Taleb both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Urmila Bibi (Old Name) W/O– Md Mustafa resident of Dangapara, Maha- landi, Ps-Kandi , Dist-Murshidabad , West Bengal, Pin-742136 do hereby declared that I have changed my name from Ur- mila Bibi to Jesminnehar Bibi and hence- forth I shall be known as Jesminnehar Bibi (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My name Jesminnehar Bibi & Urmila Bibi both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, SAHANARA (old name) W/O - MD JANE ALAM re- siding at VILL - MARGRAM MOLLAPARA PO & PS- MARGRAM DIST - BIRBHUM PIN -731202. West Bengal, do hereby declare that I have changed My name from SAHANARA (old name) to SAHANARA BEGAM (new name) and henceforth, I shall be Known as SAHANARA BEGAM (new name) in all purpose, vide an affidavit/No-23AC243713 sworn before the 1st Class Judicial Magistrate at Rampurhat court on 10/04/2026. SAHANARA BEGAM (new name )& SAHANARA (old name) both name are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, HAFIJUL ISLAM (old name) S/O - SABDUL KHAM residing at VILL - LOKPURE PO - BA- SUDVEKHAUL PS - BERHAMPORE DIST-MUR- SHIDABAD PIN-742187. West Bengal, do hereby declare that I have changed My name from HAFI- JUL ISLAM (old name) to HAFIJUL ISLAM (new name) and henceforth, I shall be Known as HAFI- JUL ISLAM (new name) in all purpose, vide an af- fidavit sworn before the Notary public at Berhampore court on 18/05/2026. HAFIJUL ISLAM (new name ) & HAFIJUL ISLAM (old name) both name are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Sanjoy Biswas (old name) S/o- Bimal Biswas residing at Ramjibanpur, Chhatina, Tehatta, Dist-Nadia, Pin-741160 West Ben- gal, do hereby declare that I have changed my name from SANJOY BISWAS to SANJAY BISWAS and henceforth I shall be known as SANJAY BISWAS (new name) in all purpose vide an affidavit sworn before the Notary Public at Murshidabad dated 18/05/2026. SAN- JOY BISWAS (old name) and SANJAY BISWAS (new name) both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Asiruddin Mondal (old name) S/o-Alimuddin Mondal residing at Katbellala, Boalidanga, Berhampore, Dist-Murshidabad, Pin-742102 West Bengal, do hereby declare that I have changed my name from ASIRUDDIN MONDAL to AMIRUDDIN MONDAL and henceforth I shall be known as AMIRUDDIN MONDAL (new name) in all purpose vide an affidavit sworn before the Notary Public at Murshidabad dated 18/05/2026. ASIRUDDIN MONDAL (old name) and AMIRUDDIN MONDAL (new name) both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, CHANDANA MONDAL(Old Name) W/o Ji- tendra Nath Mondal resident at Vill- Purbia Sonatikari, P.O.-Chandpara Bazar, P.S.- Gaighata, Dist-North 24 Parganas, Pin-743245 West Bengal, henceforth I will be known as CHANDANA MONDAL SARKAR (New Name) as declared before the Ld Executive Magistrate at Bongaon, North 24 Parganas vide affidavit No. 5370, dated 08.05.2026 that CHANDANA MONDAL (Old Name) and CHANDANA MON- DAL SARKAR (New Name) both are the same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Sish Mohammad, my father's (Old Name) Iliash resident of Paschim Belshur, Harischandrapur, Malda, West Bengal, Pin- 732125 do hereby declared that I have changed my father's name from Iliash to Md Iliash and henceforth my father's name shall be known as Md Iliash (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My fa- ther's name Md Iliash & Iliash both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Suphiya (Old Name) W/O– Sadekul resident of Vill- & Po-Kattamari , Ps- Pukuria , Dist-Malda , West Bengal, Pin-732102 do hereby declared that I have changed my name from Suphiya to Sufiyya Bibi and henceforth I shall be known as Sufiyya Bibi (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My name Sufiyya Bibi & Suphiya both are same and one identi- cal person.

**CHANGE OF NAME**  
I, Aktari Bibi (Old Name) W/O– Tasikul Islam resident of Vill- Chak Sahajadpur, Po- Sannatinagar , Ps-Raghnunathganj , Dist-Murshidabad , West Bengal, Pin- 742213 do hereby declared that I have changed my name from Aktari Bibi to Ak- tari Khatun and henceforth I shall be known Aktari Khatun (new name) in all pur- pose, vide an affidavit sworn before the no- tary public Domkal court on 18/05/ 2026. My name Aktari Khatun & Aktari Bibi both are same and one identical person

**CHANGE OF NAME**  
I, Tawsiif Aktar (Old Name) S/O–Tasikul Islam resident of Vill- Chak Sahajadpur, Po- Sannatinagar , Ps-Raghnunathganj , Dist- Murshidabad , West Bengal, Pin-742213 do hereby declared that I have changed that I have changed my name from Tawsiif Aktar to Md Tawsiif Aktkar and henceforth I shall be known as Md Tawsiif Aktkar (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My name Md Tawsiif Aktkar & Tawsiif Aktkar both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Marjina Bibi (Old Name) W/O–Najrul Sk resident of Dangapara, Mahalandi, Ps-Kandi , Dist-Murshidabad , West Ben- gal, Pin-742136 do hereby declared that I have changed my name from Marjina Bibi to Hasiba Bewa and henceforth I shall be known as Hasiba Bewa (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Domkal court on 18/05/ 2026. My name Hasiba Bewa & Marjina Bibi both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, TINKU SAMAJDAR (old name) W/O - MANOJIT SAMAJDAR residing at VILL- SAMAJDARPARA PO - RAJARATHI PS - CHAKDAH DIST - NADIA PIN - 741223. West Bengal, do hereby declare that I have changed My name from TINKU SAMAJDAR (old name) to SWAPNA SAMAJDAR (new name) and henceforth, I shall be Known as SWAPNA SAMAJ- DAR (new name) in all purpose, vide an affidavit sworn before the Notary public at Berhampore court on 18/05/2026. SWAPNA SAMAJDAR (new name ) & TINKU SAMAJDAR (old name) both name are same and one identical person.

**CHANGE OF NAME**  
I,MD RAMJAN ALI BISWAS (old name) S/O - MD AL- LARAKHA residing at VILL -BAZARPARA PO - RAD- HARGHAT PS - BERHAMPORE DIST - MURSHIDABAD PIN-742187. West Bengal, do hereby declare that I have changed My name from MD RAM- JANALI BISWAS (old name) to RAMJAN ALI BISWAS (new name) and henceforth, I shall be Known as RAM- JAN ALI BISWAS (new name) in all purpose, vide an affidavit sworn before the Notary public at Berhampore court on 18/05/2026. RAMJAN ALI BISWAS (new name ) & MD RAMJAN ALI BISWAS (old name) both name are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Bekash Bala (old name) S/o- Shailendra Nath Bala residing at Belat Uttaripur, Jit- pur, Tehatta, Dist-Nadia, Pin-741163 West Bengal, do hereby declare that I have changed my name from BEKASH BALA to BIKASH BALA, and henceforth I shall be known as BIKASH BALA (new name) in all purpose vide an affidavit sworn before the Notary Public at Murshidabad dated 18/05/2026. BEKASH BALA (old name) and BIKASH BALA (new name) both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, Rausan Ali Mondal S/o Kawsar Ali Mondal Re- siding at Vill-Nagrajole, P.O. Nagrajole, P.S.- Berhampore, Dist. Murshidabad, Pin-742102 West Bengal, do hereby solemnly affirm & de- clare my father's actual name Kawsar Ali Mondal instead of Kawmar Ali Mondal, which is wrongly recorded in Land record (vide khatian no. 3041, Mouja Purba Narayanpura, JLG 74) as declared before the Ld. J.M.J.M.(Add'l)S.D.E.M. 1st Class at Berhampore, Murshidabad Dated 11-05-2026. KawmarAli Mondal and KawsarAli Mondal both are same and one identical person.

**CHANGE OF NAME**  
I, KRISHNA DAS S/o Niranjan Das Residing at Alipur, Jangalpura Bazar, Chanditala, Hooghly, Pin-712701 WB do hereby solemnly affirm and de- clare my & my mother's actual name Rekha Das instead of Rupa Das, vide an affidavit sworn before the Ld Judi- cial Magistrate 1st Class at Seram- pore on 05/08/2026. That I Rekha Das and Rupa Das is same one and identical person.

**CHANGE OF NAME**  
I, JAMIRUDDIN SEIKH S/O SEHER SEIKH Res- ident of Vill- KRISHNANAGAR, PO: MOHURA- PUR, PS: MALLARPUR, BIRBHUM, WB do hereby declared that I have changed my name from JAMIRUDDIN SEIKH S/O SEHER SEIKH to MD ZAMIRUDDIN S/O LT MD SEHER ALI and henceforth I shall be known as MD ZAMIRUDDIN in all purpose vide affidavit sworn before the Ld. Judicial Magistrate, 2nd court, Rampurhat, S/O No. 276 dated 20.04.2026 MD ZAMIRUDDIN AND JAMIRUDDIN SEIKH both are same and one identical person.



## আরটিআইয়ের আওতার বাইরে বিসিসিআই!

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১৮ মেঃ ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) আর তথ্য জ্ঞানার অধিকার আইনের আওতায় পড়বে না। কেন্দ্রীয় তথ্য কমিশনের সাম্প্রতিক রায়ে কার্যত এই সারাংশই বেরিয়ে এল। যেখানে স্পষ্ট জানানো হয়েছে, বিসিসিআইকে ‘পাবলিক অথরিটি’ বা সরকারি সংস্থা হিসেবে ধরা যাবে না। ফলে এবার থেকে আরটিআই আইনের অধীনে তথ্য প্রকাশে বাধ্য নয় বিশ্বের সবচেয়ে ধনী ক্রিকেট বোর্ড। তথ্য কমিশনার পি আর রমেশ এই রায় দিয়েছেন। এর ফলে ২০১৮ সালের ঐতিহাসিক সিদ্ধান্ত কার্যত উল্টে গেল, যেখানে তৎকালীন তথ্য কমিশনার এম শ্রীধর আচার্য্যু বিসিসিআইকে আরটিআইয়ের আওতায় আনার নির্দেশ দেন। তখন বোর্ডকে তথ্য আধিকারিক নিয়োগের কথাও বলা হয়েছিল। পরে এই সিদ্ধান্তকে মদ্রাজ হাইকোর্টে চ্যালেঞ্জ করে বিসিসিআই। আদালত পরে বিষয়টি নতুন করে শুনারি জন্য ফের কমিশনের কাছে পাঠায়। নতুন রায়ে কমিশন জানিয়েছে, বিসিসিআই কোনওভাবে আরটিআই আইনের ২(এইচ) ধারার শর্ত পূরণ করে না। বোর্ড তামিলনাড়ু সোসাইটি রেজিস্ট্রেশন আইনে নথিভুক্ত একটি সংস্থা মাত্র। কমিশনের পর্যবেক্ষণ, এটি ‘সংবিধানের মাধ্যমে বা সংসদের কোনও আইনের অধীনে তৈরি হয়নি।’ সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, কমিশন মনে করেছে বিসিসিআইয়ের উপর সরকারের ‘গভীর বা সর্বব্যাপী নিয়ন্ত্রণ’ নেই। বোর্ড নিজেই সম্প্রচার স্বত্ব, সম্পদসংশিষ্ট ও টিকিট বিক্রি থেকে বিপুল আয় করে। অর্থাৎ, আর্থিকভাবে স্বনির্ভর। কমিশন আরও জানিয়েছে, কর ছাড় বা আইনি সুবিধা পাওয়াকে সরকারি অর্থসাহায্য বলা যাবে না। আরটিআই আইনে ‘উল্লেখযোগ্য আর্থিক সহাতা’ বলতে যা বোঝানো হয়েছে, বিসিসিআই তার আওতায় পড়ে না। রায়ে সুপ্রিম কোর্টের একাধিক পূরনো মামলার উল্লেখ করেছে সিআইসি। বিশেষ করে ‘খালাপ্পালম সার্ভিস কো-অপারেটিভ ব্যাঙ্ক বনাম কেরল সরকার’ এবং ‘জি টেলিকমিউনিস বনাম ইউনিয়ন অফ ইন্ডিয়া’ মামলার পর্যবেক্ষণের উপর ভরসা করেছে। কমিশন এটাও স্বীকার করেছে যে, সুপ্রিম কোর্ট আগে ক্রিকেট প্রশাসনে স্বচ্ছতার কথা বলেছিল। বিশেষ করে ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বিহার মামলায়। কিন্তু আদালত কখনও বিসিসিআইকে সরাসরি ‘পাবলিক অথরিটি’ বলেনি। রায়ে উল্লেখ, ভারতীয় ক্রিকেট বাজারের বিশাল বাণিজ্যিক শক্তির কারণে বিসিসিআই এখন বিশ্বে ক্রিকেটের ‘আর্থিক কেন্দ্রবিন্দু’ হয়ে উঠেছে। আইপিএলের সাফল্য সেই অবস্থান আরও শক্ত করেছে। পুরো বিতর্কের সূত্রপাত একটি আরটিআই আবেদন থেকে। যুবকল্যাণ ও ক্রীড়ামন্ত্রকের কাছে তথ্য চাওয়া হয়েছিল। মন্ত্রক জানায়, তাদের কাছে সেই তথ্য নেই। আবার বিসিসিআইকে তথ্য পাঠানোর নির্দেশও তারা দিতে পারে না, কারণ বোর্ড সরকারি সংস্থা নয়। কমিশনের মতে, বর্তমান আইনি কাঠামোয় বিসিসিআইকে আরটিআইয়ের আওতায় আনা সম্ভব না। সেটা করতে হলে আলাদা আইন সংশোধন বা সরকারি নির্দেশ প্রয়োজন।

# লড়াইয়ে ৭ টিম, জায়গা বাকি ৩! প্লে-অফের রেসে কে এগিয়ে? কে পিছিয়ে?



### নিজস্ব প্রতিবেদন

আইপিএলের লিগ পর্ব শেষ হওয়ার মুখে। কিন্তু প্লে-অফের জট এখনও ছাউনি। একমাত্র রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু শেষ চারে জায়গা পাকা করেছে। বাকি তিনটি স্ট্রুটের জন্য এখনও লড়াইয়ে সাত-সাতটি দল। দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে রাজস্থান রয়্যালসের পরাজয় পুরো সমীকরণ আরও প্যাঁচালো করে দিয়েছে। যা পরিস্থিতি, তাতে এবারের লড়াই থেকে ছিটকে গিয়েছে মুম্বই ইন্ডিয়ান্স ও লখনউ সুপার জায়ান্টস। বাকিদের মধ্যে কে এগোবে, তা নিজেদের হারজিতের পাশাপাশি অন্যদের রেজাল্টের উপরও নির্ভর করছে।

● **গুজরাট-হায়দরাবাদ সুবিধাজনক জায়গায়**  
শুভমনি গিলের গুজরাট টাইটান্স বাড়বাট্টা সামলে এখন বেশ নিরাপদ। বাকি দুই ম্যাচের মধ্যে একটি জিতলে কার্যত প্লে-অফ নিশ্চিত। এমনকি দু’টি ম্যাচ হারলেও রানরেন্টের বিচারে এগিয়ে থাকার সম্ভাবনা প্রবল। সানরাইজার্স হায়দরাবাদও নিজেদের ভাগ্য নিজেরাই নিয়ন্ত্রণ



করছে। দু’টি ম্যাচ জিতলে ১৮ পয়েন্টে পৌঁছে যাবে তারা। তাতে শুধু প্লে-অফ নয়, প্রথম দুইয়ে থাকার সম্ভাবনাও জোরালো হবে। একটি ম্যাচ জিতলে সর্বোচ্চ ১৬ পয়েন্টে পৌঁছানো সম্ভব। রানরেন্ট ভাল থাকায় তা যথেষ্ট হতে পারে। সবচেয়ে গ্যাঁড়াগুলো পাঞ্জাব কিংস। পয়েন্ট টেবিলে ভাল জায়গায় থাকলেও সর্বোচ্চ ১৫ পয়েন্টে পৌঁছতে পারবে তারা। যার অর্থ, শেষ ম্যাচ জেতা বাধ্যতামূলক। তারপর তাকিয়ে থাকতে হবে মোমাই, রাজস্থান ও কলকাতার রেজাল্টের দিকে।

● **রাজস্থান-চেন্নাইয়ের সামনে ‘করো অথবা মরো’**  
শেষ পাঁচ ম্যাচে চার পরাজয় রাজস্থান রয়্যালসকে চাপে ফেলে দিয়েছে। তবে এখনও রান্ধা পুরোপুরি বন্ধ হয়নি। বাকি দু’টি ম্যাচ জিতলে ১৬ পয়েন্টে পৌঁছে যাবে তারা। তখন পাঞ্জাব, কলকাতা ও দিল্লির থেকে এগিয়ে থাকবে। কিন্তু একটি ম্যাচ হারলে শুরু হবে রানরেন্টের জটিল লড়াই। অন্যদিকে মোমাই সুপার কিংসও একই জায়গায় দাঁড়িয়ে। লখনউয়ের বিরুদ্ধে মুখ খুবড়ে পড়ার জেরে সিএসকেসর সামনে এখন কার্যত ‘করো অথবা মরো’



পরিস্থিতি। বাকি দু’টি ম্যাচ জিতলে নিশ্চিত হওয়ার সুযোগ। একটি ম্যাচ জিতলে ১৪ পয়েন্টে থামবেন সঞ্জুরা। তখন অন্য দলগুলোর ব্যর্থতার প্রার্থনা ছাড়া উপায় নেই।

● **কেকেআরের অন্ধ কঠিন**  
অজিঙ্ক রাহানের কলকাতা নাইট রাইডার্স অফের হিসেবে ভেসে রয়েছে। সুযোগ সামান্য। পাঞ্জাবের মতো তারাও সর্বোচ্চ ১৫ পয়েন্টে পৌঁছতে পারে। কিন্তু শর্ত একটাই-বাকি দু’টি ম্যাচ জিততে হবে। একটি ম্যাচ হারলে কেকেআরের পয়েন্ট দাঁড়াবে ১৩। তার জেরে শেষ চারে ওঠা অসম্ভব। দিল্লি ক্যাপিটালস প্রবল চাপে কোণঠাসা। হাতে একটি ম্যাচ। ফলে সর্বোচ্চ ১৪ পয়েন্টে পৌঁছতে পারবে তারা। উপরন্তু শুধু জিতলেই হবে না, বড় ব্যবধানে জিততে হবে। পাশাপাশি মোমাই, পাঞ্জাব ও রাজস্থানকে নিজেদের ম্যাচ হারাতে হবে। কলকাতারও দু’টির বেশি ম্যাচ জেতা চলবে না। সব মিলিয়ে এখন আইপিএলের শেষ সপ্তাহে প্রতিটা ম্যাচ কার্যত নকআউট। একদিনে সমীকরণ বদলে যাচ্ছে। আর একটা হারেই ভেঙে যেতে পারে পুরো মরসুমের হিসেব।

## রাফিনিয়া-কাস্তেলোর গোলে বার্সার জয়



সংবাদ সংস্থা, বার্সেলোনা, ১৮ মেঃ কাম্প ন্যুয়ে রবিবার রাতে লা লিগার ম্যাচটি ৬-১ গোলে জিতেছে বার্সেলোনা। তাদের অন্য গোলদাতা জোয়াও কাসেলো। তিন ম্যাচ বাকি থাকতে টানা দ্বিতীয় লিগ শিরোপা জয়ের পর গত রাতেই আলাভেসের মাঠে ১-০ গোলে হেরেছিল কাতালান দলটি। ১৯ ম্যাচে ৩১ জয় ও এক ড্রয়ে বার্সেলোনার পয়েন্ট হলো ৯৪। সমান

ম্যাচে ৫৭ পয়েন্ট নিয়ে পাঁচ নম্বরে আছে বের্তো। মরসুম শেষে বার্সেলোনা ছাড়ার ঘোষণা দেওয়া রবের্ত লেভানডফস্কির ঘরে মাঠে শেষ ম্যাচ খেললেন। শুকর একাদশে নামা পোলিশ তারকাকে নির্ধারিত সময়ের পাঁচ মিনিট বাকি থাকতে তুলে নেওয়া হয়। কাম্পাভেজা চোখে মাঠ ছাড়েন তিনি। তুমুল করাভালিতে তাকে বিদায় জানায় সমর্থকরা। তৈরি হয় আবরণখন এক মুহূর্ত। ১৮তম মিনিট আগে বার্সেলোনার খেলোয়াড়দের ‘গার্ড অব অনার’ দেয় বের্তো। ২৮তম মিনিটে এগিয়ে যায় বার্সেলোনা। লসকর্ণ গ্রি-কিকে গোলাটি কব্জা রাফিনিয়া। প্রতিপক্ষের ওপর চাপ ধরে রাখলেও প্রথমার্ধে আর গোলের দেখা পাননি আয়োজকরা। ৬২তম মিনিটে দ্বিগুণ হয় ব্যবধান। প্রতিপক্ষের ভুল পাসে বক্সের বাইরে বল পেয়ে ভেতরে ঢুকে গোলরক্ষককে পরাস্ত করেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড রাফিনিয়া। ৬৯তম মিনিটে সফল স্পট-কিকে ব্যবধান কবান ইসকে। বয়ে তাকেই বার্সেলোনা ডিফেন্ডার গাভি ফাউল করায় মনিটরে দেখে পেনাল্টি দিয়েছিলেন রেফারি। ৭৪তম মিনিটে আবার দুই গোলের লিড পুনরুদ্ধার করে বার্সেলোনা। পেন্ডির পাস ধরে বক্সের বাইরে থেকে শটে চিকানা খুঁজে যেন কাসেলো। ফল ছাপিয়ে ম্যাচ শেষেও সবকিছুর কেন্দ্রে ছিলেন লেভানডফস্কি। হাত নেড়ে আবার সমর্থকদের অভিবাদনের জবাব দেন তিনি। তাকে শূন্য ছাড়েন সতীর্থরা। তার হাতে বিশেষ স্বরক তুলে দেন বার্সেলোনা সভাপতি।



সংবাদ সংস্থা, সেভিয়া, ১৮ মেঃ লা লিগায় রবিবার রাতে সেভিয়ার ১-০ গোলে হারিয়েছে রিয়াল। ৩৭ ম্যাচে ২৬ জয় ও পাঁচ ড্রয়ে ৮৩ পয়েন্ট নিয়ে দুইয়ে রিয়াল মাদ্রিদ। সমান ম্যাচে ৪৩ পয়েন্ট নিয়ে ১৩ নম্বরে সেভিয়া। প্রতিপক্ষের মাঠে প্রথমার্ধে প্রায় ৬০ শতাংশ বল দখলে রেখে গোলের জন্য সাতটি শট নিয়ে একটি লক্ষ্যে রাখতে পারে রিয়াল, এবং ওই শটেই এগিয়ে যায় তারা। চোট কাটিয়ে শুকর একাদশে ফেরা এমবাগে ডি-বক্সে বুক দিয়ে বল নামালেও ভারসাম্য হারিয়ে শট

নিতে পারেননি, প্রেসিং শটে চিকানা খুঁজে নেন ভিনিসিউসা। লিগে দুই ম্যাচ পর জলের দেখা পেলেন এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। এবারের লা লিগায় তার গোল হলো ১৬টি, মরসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ২২টি। ম্যাচের বাকি সময়ে আরও পাঁচটি শট নিলেও, আর একটিও লক্ষ্যে রাখতে পারেনি সফরকারীরা! ৭১তম মিনিটে অবশ্য ভাগ্য সহায় হলে ব্যবধান বাড়তে পারতো তারা ভিনিসিউসের পাস পেয়ে ডি-বক্সের বাইরে থেকে ফ্রান্সো মান্তানতুয়ানের শট পোস্টে লাগে, ফিরতি বল ধরে ভিনিসিউসের শট পোস্টের একটু বাইরে দিয়ে যায়। দুই মিনিট পর গোলরক্ষককে কাটিয়ে দ্রুত কোণ থেকে জলে বল পাঠান কিলিয়ান এমবাগে, কিন্তু অফসাইডে ছিলেন তিনি। পুরো ম্যাচে ১৩ শট নিয়ে পাঁচটি লক্ষ্যে রাখা সেভিয়া ম্যাচের অধিমুহূর্তে গোল রেয়েই যেত তবে কিকে সেলোসের বুলেট গতির শট কোনোমতে আটকে রিয়ালের জয় নিশ্চিত করেন থিবো কোতোয়া। শেষ রাউন্ডে আগামী শনিবার ঘরের মাঠে আথলেতিক বিলাবাওয়ের বিপক্ষে খেলবে রিয়াল।

# গোল করে ও করিয়ে দলকে জেতালেন মেসি

বিশ্বকাপ যত এগিয়ে আসছে, লিওনেল মেসি যেন ততই জ্বলে উঠছেন। দুর্দান্ত ফর্মে থাকা তারকা আবার গোল করলেন, গোল করালেন এবং ম্যাচজুড়েই আতঙ্ক ছড়ালেন প্রতিপক্ষের রক্ষণভাগে। অখিনায়কের দুর্দান্ত পারফরম্যান্সে নিজেদের নতুন মাঠে প্রথম জয়ের স্বাদ পেল ইন্টার মায়ামি।

সংবাদ সংস্থা, মায়ামি, ১৮ মেঃ মেজর লিগ সকারের ম্যাচে পোর্টল্যান্ড টিমার্সকে ২-০ গোলে হারাল ইন্টার মায়ামি। ভারতীয় সময় সোমবার ভোরের ম্যাচটিতে প্রথমার্ধেই গোল করেন মেসি ও হার্মান বের্তেরোমে। গত মাসে চালু হওয়া মায়ামির নতুন মাঠ নু স্টেডিয়ামে পঞ্চম ম্যাচে এসে প্রথম জয়ের দেখা পেল তারা। আগের চার ম্যাচের তিনটি ছিল ড্র, একটিতে ছিল হার। এই ম্যাচে জয়ের ব্যবধান বড় হতে পারত আরও, যদি না অতিমানবীয় পারফরম্যান্স মেলে ধরতেন পোর্টল্যান্ডের গোলকিপার জেমস প্যাটেমিস। সাতটি সেভ করেন কানাডিয়ান এই গোলকিপার, এর মধ্যে চারটি ছিল অসাধারণ। ম্যাচের চতুর্থ মিনিটেই মেসির সামনে বাধা হয়ে দাঁড়ান প্যাটেমিস। বক্সের বাইরে লুইস সুয়ারেজকে বল দিয়েই মেসি চকিতে ঢুকে যান ভেতরে। সামনের ডিফেন্ডারদের জটিলার ওপর দিয়ে সুয়ারেজ নান্দনিকভাবে চিপ করেন একদম গোলমুখে। ছুটন্ত অবস্থাই পা বাড়িয়ে ভলির মতো করেন মায়ামি অধিনায়ক। তবে খুব কাছ থেকেও তা ফিরিয়ে দেন প্যাটেমিস। মিনিট দশেক পর আবার দলকে রক্ষা করেন প্যাটেমিস। এবার রগ্রিগো দি পলের পাস থেকে সুয়ারেজের শট দুর্দান্ত রিফ্রেক্সে পা দিয়ে ঠেকিয়ে দেন

পোর্টল্যান্ড গোলকিপার। দুই মিনিট পরই সুয়ারেজের শট গোলবারে লেগে ঢুকে যায় ভেতরে। তবে অভিজ্ঞ এই ফরোয়ার্ড ছিলেন মিনিটে। বক্সের ঠিক বাইরে মেসি বল দেন সুয়ারেজকে। তিনি প্রতিপক্ষের তিনজনের মাঝ দিয়ে বল বাজন বক্সে। সেখানে অপেক্ষায় থাকা

সেগোভিয়া নান্দনিক ব্যাক হিলে খুঁজে দেন মেসিকে। তার ফিনিশিং তার জন্য ছিল একদমই সহজ। ৩৮তম মিনিটে মেসি পেয়েছিলেন আরেকটি সুবর্ণ সুযোগ। কিন্তু পোর্টল্যান্ড গোলকিপারের পাশ দিয়ে পাঠানো তার শট বাইরে চলে যায় অক্সের জন্য। ৪১তম



মিনিটে ব্যবধান বাড়ায় মায়ামি। সেখানে গোলস্কোরার যদিও বের্তেরোমে, কিন্তু সেটি আসলে ছিল মেসির জাদুর জাদুকরি ঝলক। বার্সেলোনায় তার সেরা দিনগুলিকে মনে করিয়ে দিতে বাধ্য তা। সুয়ারেজের সঙ্গে ওয়ান-টু খেলে বক্সে ঢুকে পড়েন মেসি। সেখানে তাকে ঘিরে ধরেন প্রতিপক্ষের চারজন। তার কাজ ছিল শুধু কাছ থেকে বল জাল পাঠানো। ৫৫তম মিনিটে সেগোভিয়ার শট বেশ ওপর দিয়ে চলে যায়। ৬৪তম মিনিটে মেসির শট অন্যায়সে ধরে ফেলেন প্যাটেমিস। পাঁচ মিনিট পর তার বাঁ পায়ের গতিময় শট চলে যায় পোস্টের বাইরে দিয়ে। ৯০তম মিনিটে ডানিয়েল পিষ্টারের গোলা ঠেকিয়ে দেন পোর্টল্যান্ড গোলকিপার। ম্যাচের সেরা সেভটি করেন তিনি যোগ করা সময়ের পঞ্চম মিনিটে। বক্সের একটু বাইরে থেকে মেসির মাথা গ্রি কিক ঢুকে যাচ্ছিল জালে। কিন্তু অবিশ্বাসভাবে লাফিয়ে শরীর বাকিয়ে হাত বাড়িয়ে বল বাইরে পাঠিয়ে দেন প্যাটেমিস। এই জয়ের পর ১৪ ম্যাচ ২৮ পয়েন্ট নিয়ে ইন্টার কনফারেন্সের দ্বিতীয় স্থান ধরে রাখল মায়ামি। এক ম্যাচ কম খেলে দুই পয়েন্ট বেশি নিয়ে শীর্ষে ন্যাশভিল।

## রোমের রাজা সিনার! ২৬ বছরেই টেনিসের ‘নয় দরজা’ খুলে ইতিহাস গড়লেন ইতালির তারকা

সংবাদ সংস্থা, রোম, ১৮ মেঃ শুধু ট্রফি জেতা নয়, এবার ইতিহাসের আলাদা কক্ষপথে ঢুকে পড়লেন ইথানিক সিনার। রবিবার ইতালিয়ান ওপেন ফাইনালে ক্যাসপার রুডকে ৬-৪, ৬-৪ সেটে হারিয়ে খেতাব জিতলেন বিশ্বের এক নম্বর টেনিস তারকা। আর সেই সঙ্গে সবচেয়ে কম বয়সে ‘কেরিয়ার গোল্ডেন মাস্টার্স’ সম্পূর্ণ করার নজির গড়লেন ২৬ বছরের ইতালিয়ান। যার অর্থ, কেরিয়ারে এটিপি মাস্টার্সের সাকুলো ন’টি বড় টুর্নামেন্টে জিতে ফেললেন সিনার। এর আগে এমন কীর্তি খুব কম টেনিস খেলোয়াড় গড়েছেন। এত কম বয়সে কেউই পারেননি। এখানে শেষ নয়। এক সিজনে প্রথম পাঁচটি মাস্টার্স টুর্নামেন্ট জেতার রেকর্ডও প্রথমবার লিখলেন সিনার। চলতি সিজনে ইতিমধ্যে ইন্ডিয়ান ওয়েলস, মায়ামি ওপেন, মন্টে কার্লো মাস্টার্স, মাদ্রিদ ওপেন জিতেছেন। এবার সেই তালিকায় জুড়ে গেল রোম-ও। রোমের ফোরো ইতালিকো এদিন শুধু একটি ফাইনাল দেখেনি। অধঃতকের অপেক্ষার অবসানেরও সাক্ষী থেকেছে। ১৯৭৬ সালে আদ্রিয়ানে পানাতার পর এই প্রথম



টেনিসও নিখুঁত হয়নি। কিন্তু আমি ভিগ্ন আপ্তত!” যোগ করেন, “শেষ আড়াই মাস অবিশ্বাস্য কেটেছে। সবসময় নিজেকে সেরা জায়গায় রাখার চেষ্টা করি। প্রতিদিন সহজ যায় না। কিন্তু আমি সতিহি খুব খুশি।” জয়ের সুবাদে আরও একটি বিশেষ তালিকায় ঢুকে পড়লেন সিনার। একই সিজনে মন্টে কার্লো, মাদ্রিদ ও রোম-ভিনটি ক্রে-কোট মাস্টার্স জেতা ইতিহাসে মাত্র দ্বিতীয় খেলোয়াড় তিনি। এর আগে ২০১০

সালে এই কীর্তি করেছিলেন রায়নোল নাদাল। গতকাল ফাইনালে শুকতে রুড নিজের টপস্পিন আর দীর্ঘ র্যালিতে ম্যাচ টানার চেষ্টা চালান। কিন্তু দ্রুত ম্যাচের গতি নিজের নিয়ন্ত্রণে নিয়ে নেন সিনার। বিশেষ করে প্রতিদ্বন্দ্বীর সেকেন্ড সার্ভ আক্রমণ করে বারবার চাপ তৈরি করেন। প্রথম সেটে ৪-৪ পর্যন্ত লড়াই জমেছিল। তারপর গুরুত্বপূর্ণ ব্রেক করে সিনার সেট পকেটে পুরে নেন। দ্বিতীয় সেটে শুরু থেকে আরও অগ্রাসী ইতালির তারকা। ২-১ ব্যবধানে ব্রেক করার পর আর পিছনে তাকাতে হয়নি। রুডের ব্যাকহ্যান্ড লক্ষ্য করে একের পর এক শট খেলেছেন। ফলে নরওয়ের প্রতিপক্ষকে বেশিরভাগ সময় রক্ষণাত্মক হতে হয়েছে। রুড মাঝেমধ্যে ড্রপ শট আর দীর্ঘ র্যালিতে ফ্লোর চেষ্টা চালান। কিন্তু সিনারের কোর্ট কভারেজ ও সার্ভিস গেম এদিন অনেক বেশি ধারালো থাকায় কোনও লাভ হয়নি। শেষ গেমের এটুটুকু নেননি ইতালীয় তারকা। সহজেই সার্ভ ধরে ম্যাচ শেষ করেন। তারপর রোমের গ্যালারি দাঁড়িয়ে অভিনন্দন জানায় টেনিসের নতুন সম্রাটকে।

**নাম:** রিহানসী চ্যার্টার্ড, পিতা- সৌরভ চ্যার্টার্ড, মাতা- সৌমী চ্যার্টার্ড, বয়স-৮ বছর, ঠিকানা- সলপ (মহল পাড়া), ডোমজুড়, হাওড়া-৭১১৪০৯, বিদ্যালয়- দিল্লী পাবলিক স্কুল, নৃত্য বিদ্যালয়- কুচিপুড়ি মধুচন্দ, নৃত্য শিক্ষিকার নাম - মধুমিতা পাত্র, ঠিকানা- শলপ মণ্ডল পাড়া, ডোমজুড়, হাওড়া-৭১১৪০৯। নৃত্য শিক্ষা গ্রহণ করছেন -৫ বছর ধরে।

**স্কলারশিপ:** ১২৯ তম ইন্টারন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল, রবীন্দ্র নৃত্যকৃতি সম্মান, ১৩০ তম ন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল নবীন কলা নৃত্য মহোৎসব আয়োজিত রাষ্ট্রীয় নৃত্যকৃতি পুরস্কার, ১৩২ তম ন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল বসন্ত রাগিণী আয়োজিত রবীন্দ্র নৃত্যকৃতি পুরস্কার, ১৩৩ তম ন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল বিশ্বপুত্র নৃত্য মহোৎসব আয়োজিত নৃত্য মণিকায় সম্মান।

**নাম:** শ্রেষ্ঠা পণ্ডিত, পিতা- সন্ধ্যা পণ্ডিত, মাতা- তনুশ্রী পণ্ডিত, বয়স- ১১ বছর, ঠিকানা- শলপ উত্তর পল্লী, বিদ্যালয়- মাকড়দহ গার্লস হাই স্কুল, নৃত্য বিদ্যালয়- কুচিপুড়ি মধুচন্দ, নৃত্য শিক্ষিকার নাম - মধুমিতা পাত্র, ঠিকানা- শলপ মণ্ডল পাড়া, ডোমজুড়, হাওড়া-৭১১৪০৯। নৃত্য শিক্ষা গ্রহণ করছেন - ৮ বছর ধরে।

**স্কলারশিপ:** A unit of Yatra India Limited, আয়োজিত Festival এ নির্বাচিত হয় ২০২৩। Ministry of Culture আয়োজিত Neheru Children's Museum এ তথা Abhyas ও Prayash E Z C C আয়োজিত Festival সহ তথ্য সংস্কৃতি দপ্তর 'শিশু কিশোর উৎসব' এবং সংবাদ শিরোনামে নৃত্য রঙ্গ সম্মান, পৌষালী নৃত্য উৎসব, নবীন কলা নৃত্য মহোৎসব, বসন্ত রাগিণী ICCR বিশ্বপুত্র নৃত্য উৎসবে অংশগ্রহণ করছেন।

**নাম:** সৌদীপা দাস, পিতা- সুরজিৎ দাস , মাতা- সীমা দাস, বয়স- ৮ বছর, ঠিকানা- সলপ স্কুল বট তলা, বিদ্যালয়- মফুল বিকাশ স্কুল, নৃত্য বিদ্যালয়- কুচিপুড়ি মধুচন্দ, নৃত্য শিক্ষিকার নাম - মধুমিতা পাত্র, ঠিকানা- শলপ মণ্ডল পাড়া, ডোমজুড়, হাওড়া-৭১১৪০৯। নৃত্য শিক্ষা গ্রহণ করছেন -৫ বছর ধরে।

**স্কলারশিপ:** সংবাদ শিরোনাম আয়োজিত পঞ্চম আন্তর্জাতিক নৃত্য উৎসব "নৃত্যরঙ্গ সম্মান", সংবাদ শিরোনাম আয়োজিত আন্তর্জাতিক নৃত্য উৎসব "নৃত্যরঙ্গ সম্মান", ১২৯ তম ইন্টারন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল পৌষালি নৃত্য উৎসব "রবীন্দ্র নৃত্যকৃতি সম্মান", ১৩০ তম ন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল, নবীন কলা নৃত্য মহোৎসব "রাষ্ট্রীয় নৃত্যকৃতি পুরস্কার", ১৩২ তম ন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল বসন্ত রাগিণী (কলকাতা) "রবীন্দ্র নৃত্যকৃতি পুরস্কার"

**নাম:** রুহিতা মাজি, পিতা- রাকেশ মাজি, মাতা- অর্পিতা মাজি, বয়স- ১১ বছর, ঠিকানা- মনসা ডাঙ্গা লাল বাড়ি, বিদ্যালয়- মাকড়দহ গার্লস হাই স্কুল, নৃত্য বিদ্যালয়- কুচিপুড়ি মধুচন্দ, নৃত্য শিক্ষিকার নাম - মধুমিতা পাত্র, ঠিকানা- শলপ মণ্ডল পাড়া, ডোমজুড়, হাওড়া-৭১১৪০৯। নৃত্য শিক্ষা গ্রহণ করছেন -৯ বছর ধরে।

**স্কলারশিপ:** A unit of Yatra India Limited, আয়োজিত Festival এ নির্বাচিত হয় ২০২৩। Ministry of Culture আয়োজিত Neheru Children's Museum এ তথা Abhyas ও Prayash E Z C C আয়োজিত Festival সহ তথ্য সংস্কৃতি দপ্তর 'শিশু কিশোর উৎসব' এবং সংবাদ শিরোনামে নৃত্য রঙ্গ সম্মান, পৌষালী নৃত্য উৎসব, নবীন কলা নৃত্য মহোৎসব, বসন্ত রাগিণী ICCR বিশ্বপুত্র নৃত্য উৎসবে অংশগ্রহণ করছেন।

**নাম:** আয়ুমিতা পোয়ালী, পিতা- বিকাশ পোয়ালী, মাতা- পাপিয়া পোয়ালী, বয়স- ৮ বছর, ঠিকানা- কালিয়া বাউ তলা, বিদ্যালয়- সারদা শিক্ষা নিকেতন (উচ্চ মাধ্যমিক), শ্রেণী ২য়, নৃত্য বিদ্যালয়- কুচিপুড়ি মধুচন্দ, নৃত্য শিক্ষিকার নাম - মধুমিতা পাত্র, ঠিকানা -শলপ মণ্ডল পাড়া, ডোমজুড়, হাওড়া-৭১১৪০৯। নৃত্য শিক্ষা গ্রহণ করছেন - ৫ বছর ধরে।

**স্কলারশিপ:** সংবাদ শিরোনাম আয়োজিত পঞ্চম আন্তর্জাতিক নৃত্য উৎসব "নৃত্যরঙ্গ সম্মান", সংবাদ শিরোনাম আয়োজিত আন্তর্জাতিক নৃত্য উৎসব "নৃত্যরঙ্গ সম্মান" প্রতিযোগিতা, ১২৯ তম ইন্টারন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল পৌষালি নৃত্য উৎসব "রবীন্দ্র নৃত্যকৃতি সম্মান", ১৩০ তম ন্যাশনাল ডান্স ফেস্টিভ্যাল, নবীন কলা নৃত্য মহোৎসব "রাষ্ট্রীয় নৃত্যকৃতি পুরস্কার"।